কাজী নজরুল ইসলামের জীবনের একটা গুরুত্বপূর্ণ অধ্যায় চট্টগ্রাম শহরকে ঘিরে। ১৯২৬ সালের কথা। সারা ভারতবর্ষ জুড়ে তখন ব্রিটিশবিরোধী আন্দোলন চলছে, ইংরেজ বিতাড়নের প্রচেষ্টা। সেই সময়টাতে নজরুলের পদার্পণ চট্টগ্রাম শহরে। আমার বাবা মরহুম মুহাম্মদ হবীবুল্লাহ বাহার চৌধুরীর উৎসাহ ও আমন্ত্রণে তখন কবি নজরুল চট্টগ্রামে যান এবং আতিথ্য গ্রহণ করেন আমাদের বাড়িতে। চট্টগ্রামের নন্দনকানন এলাকায় জুবিলী রোডের উপর হবীবুল্লাহ বাহারের নানা শিক্ষাবিদ খান বাহাদুর আবদুল আজিজের কাঠের বাড়ি 'আজিজ মঞ্জিল' সেখানে থাকতেন হবীবুল্লাহ বাহার, তাঁর একমাত্র বোন শামসুন নাহার, নানী, মা এবং খালা। এই বাড়িতে কবি নজরুল অতিথি হলেন। এর অল্পদিন আগে আবদুল আজিজ ইন্তেকাল করেন। এই বাড়িতে নজরুল এসেছেন একাধিকবার। কবির উপস্থিতি এই বাড়ির প্রতিটি মানুষের মনে প্রাণের হিল্লোল বইয়ে দেয় এবং তা ছড়িয়ে যায় বাড়ি থেকে বাড়ি, এক পাড়া থেকে আর এক পাড়ায়ড় গোটা চট্টগ্রাম শহরে। কবির কথা, গান, আবৃত্তি আর বক্তৃতায় আকাশ-বাতাস মুখরিত হয়, আনন্দ-উত্তেজনা ছড়িয়ে পড়ে চট্টগ্রামের সকল মানুষের মধ্যেড় বিশেষত তরুণ সমাজে।

সে যুগের তরুণ বিপ্লবী পূর্ণেন্দু দস্তিদার এ প্রসঙ্গে লিখেছেন, "নজরুল ইসলাম তখন আমাদের মতো কিশোর ও তরুণদের প্রাণে অগ্নিবীণার প্রচণ্ড ঝংকার তুলেছেন। তাঁর বিদ্রোহী কবিতা তখন বিপ্লবী ও দেশপ্রেমিকদের অন্তরে সংগ্রামের এক তীব্র কামনা ও আবেগ সৃষ্টি করে। তাই তিনি যে ক'দিন চট্টগ্রাম বাহার সাহেবদের নন্দনকাননের বাসায় ছিলেন, সে ক'দিন ঐ শহর তারুণ্যের এক বিপ্লব-তীর্থে পরিণত হয়েছিল। ঘণ্টার পর ঘণ্টা বিদ্রোহী কবি তাঁর গান ও আবৃত্তিতে আমাদের মাতিয়ে রেখেছিলেন। বার বার প্রধানত 'বিদ্রোহী' কবিতাটি আবৃত্তি করে শোনাবার জন্য বাহার সাহেবের মারফত দাবি উঠলে কবি কূলপ্লাবী হাস্যে ঘর আলোকিত করে আমাদের দাবি পূরণ করেছিলেন। মাঝে বাহার সাহেব কবির জন্য নিয়ে আসছিলেন চা আর পান।"

হবীবুল্লাহ বাহার ও শামসুন নাহারদের চট্টগ্রামের বাড়িতে বসেই নজরুল লিখেছিলেন তাঁর অমর কাব্যগ্রন্থ 'সিন্ধু-হিন্দোল'-এর কবিতাগুলোড় 'চক্রবাক'-এর কবিতাগুচ্ছ। 'সিন্ধু-হিন্দোল' কাব্যগ্রন্থ কবি নজরুল উৎসর্গ করেন হবীবুল্লাহ বাহার ও শামসুন নাহারড় এই দুই ভাই-বোনকে। এর উৎসর্গ-পৃষ্ঠায় কবি লিখেছেন–

"কে তোমাদের ভালো
বাহার আন গুলশানে গুল
নাহার আন আলো
তোমরা দুটি ফুলের দুলাল আলোর দুলালী
একটি বোঁটায় ফুটলি এসে নয়ন ভুলালি
নামে নাগাল পাইনি তোদের নাগাল পেল বাণী
তোদের মাঝে আকাশ ধরা করছে কানাকানি।"

নজরুলের চট্টগ্রাম ভ্রমণ প্রসঙ্গে হবীবুল্লাহ বাহার চৌধুরী লিখেছেনড় "কাজী সাহেব চট্টগ্রামে আমাদের বাড়িতে গেছেন কয়েকবার। যে ক'দিন তিনি ছিলেন চট্টগ্রামে, মনে হত বাড়িখানি যেন ভেঙে পড়বে। রাত দশটায় থার্মোফ্লাস্ক-ভরা চা, বাটা-ভরা পান, কালি-ভরা ফাউন্টেন পেন আর মোটা মোটা খাতা দিয়ে তাঁর শোবার ঘরের দরজা বন্ধ করে দিতাম। সকালে উঠে দেখতাম খাতা-ভর্তি কবিতা। এক এক করে 'সিন্ধু'– তিন তরঙ্গ, 'গোপন প্রিয়া', 'অনামিকা', 'কর্ণফুলী', 'মিলন মোহনায়', 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি', 'নবীন চন্দ্র', 'বাংলার আজিজ', 'শিশু যাদুকর', 'সাত ভাই চম্পা'– আরও কত কবিতা লিখেছেন আমাদের বাড়িতে বসে। চট্টগ্রামের নদী, সমুদ্র, পাহাড় আমাদের বাড়ির সুপারি গাছগুলো আজ অমর হয়ে আছে তাঁর সাহিত্যে।"

হবীবুল্লাহ বাহার চৌধুরী– ক্যাপ্টেন, কলকাতা মোহামেডান স্পোর্টিং ক্লাব

হবীবুল্লাহ বাহারের তোলা নজরুলের ঐতিহাসিক ছবি

চট্টগ্রামের সেই ঐতিহাসিক বাড়ির সুপারি গাছগুলো নিয়ে তাঁর অমর কবিতাড় 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি'। এই কবিতায় নজরুল লিখেছেন–

'বিদায় হে মোর বাতায়ন পাশে নিশীথ জাগার সাথী
ওগো বন্ধুরা, পাণ্ডুর হয়ে এলো বিদায়ের রাতি।

Poet Nazrul Islam and Habibullah Bahar Choudhury

Kolkata 1962 – Family of Poet Nazrul Islam and the family of Habibullah Bahar Choudhury. Picture shows among others Anwara Bahar Choudhury, Kazi Sabyasachi, Kalyani Kazi and Iqbal Bahar Choudhury all with Poet Nazrul and Habibullah Bahar Choudhury

আজ হতে হ'ল বন্ধ আমার জানালার ঝিলিমিলি
আজ হতে হ'ল বন্ধ মোদের আলাপন নিরিবিলি।'

কবি নজরুল আর বন্ধু-সহচরড় বাহার, দু'জনই আজ পরলোকে। সেই সুপারি গাছগুলো, সেই গুবাক তরুর সারি, কিছুই নেই আজ। কিন্তু আছে সেই অমর কবিতাগুলো। চট্টগ্রামে লেখা তাঁর আর একটি কবিতা 'শিশু যাদুকর'। হবীবুল্লাহ বাহারের ভাগ্নে শামসুন নাহার মাহমুদের বড় ছেলে শিশুপুত্র মামুন মাহমুদকে নিয়ে লেখা।

"পার হয়ে কত নদী কত সাগর
এই পারে এলি তুই শিশু যাদুকর
কোন রূপলোকে ছিলি রূপকথা তুই
রূপ ধরে এলি এই মমতার ভুঁই।"

১৯২৯ সালে নজরুল এই কবিতা লেখেন চট্টগ্রামে তাঁর এক সফরকালে। মামুন মাহমুদের বয়স তখন কয়েক মাস। চার দশকেরও পরে, ১৯৭১ সালে মামুন মাহমুদ রাজশাহী বিভাগে পুলিশ বাহিনীর ডিআইজি থাকাকালে সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন এবং পাক-বাহিনীর হাতে নিহত হন।

চট্টগ্রামের বাড়িতে কবি, বাহার ও নাহারের নানা খান বাহাদুর আবদুল আজীজকে নিয়েও 'বাংলার আজিজ" এই নামে একটি সুন্দর কবিতা লিখেছিলেন। অবিভক্ত বাংলায় আবদুল আজীজ ছিলেন চট্টগ্রাম অঞ্চলের প্রথম মুসলিম গ্রাজুয়েট এবং সে কারণে তিনি সে যুগে বিএ সাহেব নামে সুপরিচিত ছিলেন।

হবীবুল্লাহ বাহারের আমন্ত্রণে চট্টগ্রামে একাধিকবার কবি নজরুলের আগমনের আরও আগে কবির সঙ্গে তাঁর প্রথম-দেখা হুগলীতে।

হবীবুল্লাহ বাহার এ সম্পর্কে লিখেছেন, "কাজী সাহেবের সঙ্গে প্রথম দেখা আমার হুগলীতে, কিন্তু তার বহু আগেই তাঁকে মেনে নিয়েছি জীবন-পথের অগ্রদূত হিসেবে। হঠাৎ একদিন বন্ধুবর মঈনুদ্দীনের সঙ্গে হুগলীতে রেললাইনের ধারে তাঁর বাড়িতে গিয়ে হাজির হলাম। শুনলাম তিনি উত্তরপাড়ায় এক সভায় গেছেন। রাত্রি ন'টার সময় তিনি ফুলের মালা গলায় পরে বাড়ি ফিরে এলেন। বিশেষ পরিচয় তেমন একটা দিতে হল না। দেখেই তিনি হেসে উঠলেন, যেন যুগ যুগের চেনা। উপস্থিত কেউ বুঝতেই পারল না, সেই আমাদের প্রথম পরিচয়।"

কাজী নজরুলের সঙ্গে হবীবুল্লাহ বাহারের শেষ দেখা কলকাতায় ১৯৬২ সালে। সেই সময় তাঁরা দু'জনই অসুস্থ। ঢাকা থেকে আমরা গোটা পরিবার কলকাতা হয়ে আজমীর শরিফ গিয়েছিলাম। কলকাতা পৌঁছে বাবা কবিকে দেখার জন্য উদগ্রীব হয়ে উঠলেন। তিনি নিজেও তখন বেশ অসুস্থ। কয়েক বছর আগে ১৯৫৩ সালে ব্লাড প্রেসার স্ট্রোক হয়ে চুপচাপ হয়ে গিয়েছিলেন; চাঞ্চল্য ও কর্মক্ষমতা হারিয়ে ফেলেছিলেন। কিন্তু সব কথা বলতে পারতেন এবং সবকিছু বুঝতে পারতেন।

তাঁর আগ্রহে কবি-পুত্র কাজী সব্যসাচী আমাদের নিয়ে গেলেন কবি-সন্দর্শনে। কবি নজরুলকে দেখলাম সিল্কের পাঞ্জাবি ও পাজামা পরনে, বিছানায় বসে অনবরত কাগজ ছিঁড়ছেন আর বালিশের নিচে সেগুলো রেখে দিচ্ছেন। আমাদের দেখে কবি উঠে এসে বসবার ঘরে সোফায় বসলেন আর বাবা তাঁর পাশে বসলেন।

"কাজীদা কাজীদা, কেমন আছেন? আমাদের চিনতে পারছেন না কাজীদা?" এ-কথা বলে অনেকবার ডাকাডাকি করলেন। কবি কথা বললেন না, ক্রমাগত একটা মাসিক পত্রিকার পাতা ওল্টাতে থাকলেন। একটু পরে কবি উঠে তাঁর ঘরে বিছানায় বসলেন। বিছানার উপর কবির স্ত্রী প্রমীলা নজরুলের একটা বাঁধানো ছবি ছিল। এর কিছুদিন আগে তিনি মারা যান। ঐ ফটো সামনে রেখে কবি কাগজ ছিঁড়তে লাগলেন। বাবা আবারও জোরে জোরে বললেন, "কাজীদা, কাজীদা, কথা বলছেন না কেন, আমি বাহার, আমাকে চিনতে পারছেন না, কথা বলুন কাজীদা।" এইসব কথা বলতে বলতে বাবা কান্নায় উদ্‌বেলিত হয়ে কবির ডান হাত নিজের হাতে তুলে নিলেন। কবি একমুহূর্তের জন্য তাঁর দিকে তাকালেনড় মনে হল পূর্ব-স্মৃতি বুঝি-বা তাঁর চোখের তারায়, ঝিলিক দিয়ে গেল, কিন্তু পরমুহূর্তেই কবি হাত টেনে নিয়ে, আবার কাগজ ছিঁড়তে শুরু করলেন। ভারাক্রান্ত মনে আমরা সবাই ফিরে এলাম।

কলকাতায় ১৯৬২ সালে অসুস্থ নজরুল আর অসুস্থ হবীবুল্লাহ বাহারের এই সাক্ষাতের ছবি ছাপা হয়েছিল ঢাকার 'দৈনিক ইত্তেফাক'-এর প্রথম পাতায়। অন্যান্য কথার মধ্যে ছবির নীচে লেখা ছিল– 'দুই সহচর'।

মুস্তাফা নূরউল ইসলাম ও নজরুল-নেশা

মুস্তাফা নূরউল ইসলাম

এক সময় 'নজরুল-নেশা' পেয়ে বসেছিল মুস্তাফা নূরউল ইসলামকে। বাউণ্ডুলে, শৃঙ্খলহীন জীবন, অথচ অবিরাম সৃষ্টি করে যাচ্ছে একটি মানুষ। এবং কত-না অঙ্গনে তার বিচরণ! বোহেমিয়ান অথচ সৃষ্টিশীল, একইসাথে প্রচণ্ডভাবে সমাজসচেতনড় সমাজের প্রতি, সাধারণ মানুষের প্রতি অঙ্গীকারবদ্ধ একটি জীবন। তার কাছে বোধ হয় এটিই ছিল রোল মডেল। "তখন তো ভাবিনি যে কখনো বিয়ে করব, সংসার হবে।" ; তরুণ বয়সের এই অভিব্যক্তির কথা কয়েকবার বলেও ছিলেন তিনি। সেই বাউণ্ডুলে অথচ সৃষ্টিশীল, সমাজসচেতন নজরুল নিয়ে এক ধরনের কাল্পনিক জীবনী লেখার আকর্ষণ একবার হয়েছিল। অনুপ্রেরণা পেয়েছিলেন ফরাসি শিল্পী পল গগাঁ-কে নিয়ে লেখা সমারসেট মম-এর ঞযব গড়ড়হ ধহফ ঝরী চবহপব এবং ডাচ শিল্পী ভিনসেন্ট ভ্যান গগ-কে নিয়ে লেখা আরভিং স্টোন-এর খঁংঃ ভড়ৎ খরভব থেকে। তাঁর আত্মজীবনীমূলক বই 'নিবেদন ইতি'তে মুস্তাফা নূরউল ইসলাম এভাবেই তার বয়ান দিয়েছেন :

"কেন জানি মনে আসছিলড় এই দেশে হয়তো-বা আরেক আমাদের নজরুল। কিছু কিছু মিল খুঁজে পাই। এবং সৃজনের অঙ্গনে শিল্পী-মহত্তম তো বটেই। কেমন এক কাকতালীয় যোগ, তাঁর প্রথম প্রকাশিত গল্পই 'বাউন্ডেলের আত্মকথা'। গল্পের নামকরণটা লক্ষ করবার মতো। পত্রিকা বার করছেন 'ধূমকেতু', এবং উপন্যাস 'বাঁধনহারা'। এই-সাথে অনুসরণ করে যাব বাল্য-কৈশোর অবধি কেমন বেজায় গরহিসেবের চড়াই-উৎরায়ের তাঁর পথচলা। বুঝ জন্মাচ্ছিল ঐ নজরুলকে নিয়ে কাছাকাছি হলেও অমনতর ঢঙের 'একটা কিছু' করা যেত। অর্থাৎ কিনা তাঁর আরেক জীবন নিয়ে কথা ও কাহিনি দাঁড় করানো যেত।" (নিবেদন ইতি, উত্তর খণ্ড, পৃষ্ঠা ৪৯)

খুব বড়মাপের কাজ হয়তো হবে না, কিন্তু কিছু একটা করবার 'তাগিদটা বেজায় তাড়া করে ফিরছিল'। ছোটবেলাতেই দু-একবার নজরুলকে প্রত্যক্ষ দেখার সুযোগ হয়েছিল মুস্তাফা নূরউল ইসলামের। বাবা সা'দাত আলী আখন্দ পুলিশ অফিসার কিন্তু সাহিত্যপ্রেমিক। তাঁর সাথে নজরুলের সখ্যতা ছিল। বাবার কাছে নজরুলের গল্প শুনেছেন, তাঁর 'বারংবার বাড়ি থেকে পালানো, পথে পথে ঘুরে বেড়ানো; কখনও হারিয়ে যাওয়া, ভবঘুরে জীবন'-এর ইতিবৃত্ত। পরবর্তীতে অন্যান্যদের কাছেও শুনেছেনড় কবি আব্দুল কাদির, কাজী মোতাহার হোসেন, মোহাম্মদ নাসিরউদ্দিনড় যাঁরা জানতেন নজরুলের 'অন্তরঙ্গ জীবনের মেলা কাহিনি'। আর নজরুলের সময়কালীন বান্ধবদের স্মৃতিচারণমূলক লেখা তো ছিলই।

পঞ্চাশের দশকের মাঝামাঝি সময়, যখন তিনি করাচি বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের একমাত্র শিক্ষক, ঠিক তখনি মুস্তাফা নূরউল ইসলামের এই শখটি জেগেছিল। নিবেদন ইতি'তে লিখছেন, "তদর্থে অবশ্যই জীবনকথা নয়; প্রামাণ্য কেতাবি ডকুমেন্টেশন নয়; সৃজনকার্যের মূল্যায়ন, তা-ও নয়। কত যে নানান রঙের বর্ণিল আমাদের নজরুল; ব্যতিক্রমী একক 'নজরুল'। তাঁকে নিয়ে কাজ করবড় 'এই পেয়ে বসা' ঝোঁকটা এই রকমের।"

প্রস্তুতি শুরু হল। সিদ্ধান্ত নিলেন, "সামনাসামনি বসে ইন্টারভিউ নেব তাঁদের, যাঁরা এক সময়ে নজরুলের অতি কাছের মানুষ ছিলেন। তা সক্রিয় রাজনীতির মাঠে-ময়দানেরই হোক, কি গানের ভুবনেরই হোক।" কাদের সাথে কথা বলবেন তার তালিকা তৈরি হল, তাঁদের কী প্রশ্ন করবেন, তা-ও লিখে ফেললেন। অনেকেই কলকাতায়

থাকেন, তাঁদেরকে চিঠি লেখা হল। কেউ জবাব দিলেন না। কেউ দিলেন, উৎসাহ যোগালেন, "এসে পড়ুন কলকাতায়, নজরুলের ব্যাপার-কাণ্ড জানামতে বলবার অনেক রয়েছে।" করাচি বিশ্ববিদ্যালয় থেকে দুই মাসের ছুটি বরাদ্দ হল, মুস্তাফা নূরউল ইসলাম হাজির হলেন কলকাতায়। উঠলেন বন্ধুবর রুহুল আমিন নিজামীর বাসায়। তাঁকে নিয়ে ঘুরলেন বিশাল শহরের এক প্রান্ত থেকে আরেক প্রান্তে। দেখা হল অনেকেরই সাথেড় সৌমেন্দ্র ঠাকুর, সঞ্জয় ভট্টাচার্য, পরিমল গোস্বামী, বুদ্ধদেব বসু, স্ত্রী প্রতিভা বসু, সজনীকান্ত দাশ, কানন দেবী ও নজরুলের সহধর্মিণী প্রমীলা নজরুল। বিশেষভাবে সাহায্য করেছিলেন 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক আতাউর রহমান। অনেকের সাথে যোগাযোগ করে দিয়েছিলেন, নিজেও অনেক কথা বলেছিলেন। সাক্ষাৎকারগুলো সবসময় প্রীতিকর হয়নি, কেউ কেউ অনেক কথা জানলেও এড়িয়ে গেছেন, আবার কেউ কেউ অতিরঞ্জনও করেছেন। কিন্তু 'শনিবারের চিঠি', যে পত্রিকাটি এক সময়ে নজরুলের চরম বিষোদগার করেছিল, তার সম্পাদক সজনীকান্ত দাশ অনেক কিছুই খোলাখুলি বলেছিলেন। এমনকি নজরুল-বিদ্বেষের মূল কারণটিও স্বীকার করেছিলেন, "আসলে ঘটনাটা হচ্ছে মুসলমান ছোকরা নজরুলের হিন্দুঘরের কন্যাকে বিবাহ করা।"

নজরুলের গান শেখানোর অভিনব কায়দার বর্ণনা দিয়েছিলেন কানন দেবী। প্রতিভা বসুও গান শেখানোর কথা বলেছিলেন কিন্তু তাঁকে গান শেখাতে এসে একদিন রাতে পাড়ার হিন্দু ছেলেদের হাতে নজরুল নিগৃহীত হয়েছিলেন সে কথাটি চেপে গিয়েছিলেনড় যে কাহিনি পরে নজরুল-বন্ধু কাজী মোতাহার হোসেনের কাছে জানা গিয়েছিল। আর পক্ষাঘাতগ্রস্ত প্রমীলা নজরুল আক্ষেপ করেছিলেন, "জান, কত বেলা আমাদের প্রায় অনাহারেই কেটেছে, ওঁর চিকিৎসার ওষুধ পর্যন্ত কেনবার সঙ্গতি হয়নি। আর যত সব বাটপার জুটেছিল, ওঁর চিকিৎসার নামে কত যে নিরাময় সমিতি! সাহায্যের টাকাপয়সা তুলে সব ওরা লুটপাট করে খেয়েছে।" আতাউর রহমানও অনেকটা সেই সুরেই কথা বলেছিলেন, "তখন মুসলিম কওমের ঝাণ্ডাধারী মুসলিম লীগ নেতা তাঁরা। কেউই তাঁদের এগিয়ে আসেননি। না মাওলানা আকরাম খাঁ, খাজা নাজিমুদ্দিন, হোসেন শহীদ সোহরাওয়ার্দী, কারুকেই দেখি না। 'মুসলিম সাহিত্যে'র আর 'মুসলিম রেনেসাঁ'র পাণ্ডারা তাঁরাই-বা কোথায়, নজরুলের সেই দুঃসময়ে?"

শেষমেশ আকাঙ্ক্ষিত বইটি আর লেখা হয়ে ওঠেনি। পল গগাঁ-কে নিয়ে সমারসেট মম, বা ভিনসেন্ট ভ্যান গগ-কে নিয়ে আরভিং স্টোন যেভাবে লিখেছিলেন তার জন্য নজরুলের অন্তরঙ্গ জীবনের যে উপাদান দরকার ছিল, কলকাতার সাক্ষাৎকারগুলোতে তা যথাযথ বেরিয়ে আসেনি।

তবে এই কাজের সূত্র ধরেই মুস্তাফা নূরউল ইসলামের মাথায় একটি চিন্তা এসেছিল। "সমকালীন তাঁরা দেখছেন নজরুলকেড় কোন চোখে, বিবেচনার কোন মাপে? এবং আরো ছড়িয়ে সেই সময়ের পটে নজরুল। এই রকমের কাজেও তো হাত দেয়া যেতে পারে। উপন্যাস-ঢঙের কাহিনি-কথা রচনা নয়, বরঞ্চ নজরুলে-সমকালে জড়িয়ে ইতিকথা বয়নের প্রয়াস পাওয়া যেতে পারে।" কাজটি করেও ছিলেন। ১৯৮৩ সালে প্রকাশিত হয় 'সমকালে নজরুল ইসলাম'।

কাজী নজরুলের বাংলা খেয়াল

ড. লীনা তাপসী খান

অ্যাসোসিয়েট প্রফেসর, সংগীত বিভাগ, ঢাকা ইউনিভার্সিটি
চেয়ারপারসন/ফাউন্ডার আই.সি.বি.এম.

ভারতীয় মার্গ সংগীতের প্রধান দু'টি ধারা প্রচলিত, একটি ধ্রুপদ, অপরটি খেয়াল। পরবর্তীতে খেয়াল ভেঙে অন্যান্য রাগের মিশ্রণ ঘটিয়ে ঠুংরী বা ঠুমরীর উদ্ভব ঘটে। মূলত ধ্রুপদ দক্ষিণ-ভারতীয় হিন্দু ঘরানার সংগীত আর খেয়াল, ঠুমরী উত্তর-ভারতীয় মুসলিম ঘরানার সংগীত। ধ্রুপদের গায়ন-পদ্ধতি ও তাল অত্যন্ত কঠোর। বিশেষ অনুশাসন ও রক্ষণাবেক্ষণ করে তা পরিবেশিত হয়। অপরদিকে খেয়ালে তা অনেকটাই শিথিলযোগ্যড় বিশেষ করে ঠুমরী তো আরো স্বাধীন। ঠুমরীতে রাগ-রাগিণীর অনুশাসনকে নির্বিঘ্নে লঙ্ঘন করা যায়।

পঞ্চদশ শতকের শেষভাগে ধ্রুপদের উৎপত্তি ঘটে। আলাউদ্দীন খিলজী'র আমল থেকে ধ্রুপদের উৎপত্তি ঘটে। আলাউদ্দীন খিলজী'র আমল থেকে ধ্রুপদের প্রচলন বলে ধারণা করা যায়। তবে গোয়ালিয়রের রাজা মানসিংহ ধ্রুপদ গানের উত্তরণ ও সংস্কারের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রেখেছিলেন। তিনি ছিলেন একাধারে রাজা, সংগীতজ্ঞ এবং সংগীত-পৃষ্ঠপোষক।

এই উপমহাদেশে রাগ-সংগীতের ক্ষেত্রে যখন ধ্রুপদ গীত-রীতির বিশেষ বিকাশ ঘটে সে-সময় খেয়ালের প্রাথমিক সূচনা ঘটেছিল বলে ধারণা। ধ্রুপদের কাঠিন্য ও গায়কী ভঙ্গির ভাব-গাম্ভীর্যের নিগূঢ় বন্ধনের বিরুদ্ধে একরূপ সাংগীতিক বিদ্রোহের ফলেই খেয়াল-রীতির প্রচলনের তাগিদ সূচিত হয়। খেয়াল বস্তুত আরবীয়-পারসিক ও ভারতীয় সংগীতের একটি মিশ্র রূপ, সঙ্গে ছিল মুসলিম কলাবিদদের সৌন্দর্যানুশীলনের আশা-আকাঙ্ক্ষা, আনন্দ-উল্লাসের বিচিত্র সংগীত-অভিজ্ঞতার এক উৎকর্ষ সাধন। প্রখ্যাত মুসলিম সংগীত-কলাবিদ হযরত আমীর খসরু কর্তৃক তা সু-সংগঠিত ও পরিমার্জিত রূপ লাভ করে। পরবর্তীতে হুসেন শাহ্ শর্কী সেই পরিমার্জিত রূপ সংস্কার ও বিজ্ঞানসম্মত করে আজো আমাদের রাগ-সংগীতের খেয়াল রীতিতে সমুজ্জল করে রেখেছেন।

খেয়ালের অবয়ব ও গায়ন-রীতি সম্পর্কে জানা প্রয়োজন কারণ এখানে মূল আলোচ্য বিষয় 'কাজী নজরুল ইসলামের বাংলা খেয়াল'ড় তা অনুধাবন ও সুর-বিশ্লেষণ করার প্রয়োজনে আলোচনা আবশ্যক।

অবয়বগত দিক থেকে খেয়াল দুই 'তুক' বিশিষ্টড় স্থায়ী ও অন্তরা। প্রত্যেক তুক বা কলিতে দুটি, কখনো কখনো তিনটি চরণ থাকে। এর বাণী হিন্দি, উর্দুড় কখনো কখনো ব্রজবুলি ভাষাতে রচিত হয়ে থাকে। খেয়াল পরিবেশকালে আলাপ সংক্ষিপ্ত আকারে করা হয়, যাতে রাগের রূপটি মোটামুটি প্রকাশ ঘটে। খেয়ালের কথাভাগকে 'চীয্' বলা হয়। আলাপের পরেই আসে খেয়ালের প্রধান অঙ্গড় যে অঙ্গে 'রাগালাপ' এবং 'রূপক আলাপ'-এর সন্নিবেশ ঘটে। আলাপ অংশের পরই আসে 'চীয্' বা কথাভাগ। চীয-এর প্রথমাংশ অর্থাৎ স্থায়ী'র কাব্যিকাংশ গাওয়ার পর রাগের ধ্যানরূপ বিস্তারের মাধ্যমে প্রস্ফুটিত করা হয় এবং তারা'র অংশে বিস্তারের মাধ্যমে অন্তরা গীত হয়। এই ভাগে স্থায়ী ও অন্তরা পরিবেশনকালে সুরের মাধ্যমে রাগের রূপ বর্ণনা করা হয়। রাগের বাদী স্বর, সমবাদী স্বর, পকড়, চলন, অল্পত্ব, বহুত্ব, বিবাদী ইত্যাদি প্রস্ফুটনের মাধ্যমে শেষাংশে তান, বোলতান, ছুটতান, কূটতান করা হয়। বোলালাপ ও বোলতানকে একত্রে 'রূপকালাপ' বলে। 'বোল' অর্থাৎ বাণী দ্বারা আলাপকে 'বোলালাপ' বলে এবং 'বোল' বা বাণী দ্বারা দ্রুতলয়ে তান করাকে 'বোলতান' বলে। পরের বারে স্থায়ী অংশে ফিরে আসা হয়। স্থায়ী'র মুখের এই শব্দসমূহকে 'মুখরা' বলে।

খেয়াল দুই ধরনেরড় একটি 'বিলম্বিত খেয়াল', অপরটি 'দ্রুত খেয়াল'। সাধারণত বিলম্বিত খেয়াল গাওয়ার পর ছোট খেয়াল গাওয়া হয়ে থাকে। সময় অনুসারে কখনো কখনো শুধু ছোট খেয়ালও গাওয়া যায়। বিলম্বিত খেয়াল সাধারণত বিলম্বিত একতাল (৪৮ মাত্রার বা ৫৬ মাত্রায়) ঝাঁপতাল, রূপক, ঝুমরা, তিলওয়াড়া, আড় চৌতালে গীত হয়। সব তালকেই মাত্রা যোগেই বিলম্বিত করা যায়।

খেয়াল সংগীত অধিকাংশ শৃঙ্গার-রসাত্মক। কখনো কখনো প্রকৃতির বর্ণনা, আবার কোথাও কোথাও ভক্তিরসের কাব্যিকাংশ যুক্ত খেয়ালও প্রচলিত আছে। হিন্দু দেব-দেবীর স্তুতি ছাড়াও মুসলিম ভাবসম্পৃক্ত ভক্তিভাব-সম্পন্ন বাণী যেমনড় আল্লাহ, রসূল, পীর, আউলিয়ার প্রশস্তিমূলক রচনাও পাওয়া যায়। খেয়ালের বাণীর মধ্যে রচয়িতার ছদ্মনাম ব্যবহারের একটি বিশেষ

প্রচলন অব্যাহত ছিল প্রাচীনকাল থেকেইড় যেমন সদারঙ্গ, অদারঙ্গ, সদারঙ্গিলে, হররঙ্গ, মনরঙ্গ, প্রেমরঙ্গ, দরস পিয়া, আলম পিয়া প্রভৃতির উল্লেখ পাওয়া যায়।

এবারে বাংলা ভাষায় খেয়াল রচনার বিষয়টির দিকে আলোকপাত করা যাক। বাংলা গানে কথার ভাবৈশ্বর্য, উচ্চারণ-রীতি, আমরা জানি যে আমাদের স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের বিশাল সমারোহ আমাদের ভাষাকে এক ভিন্ন মাত্রা দিয়েছে। বাংলায় খেয়ালের বাণীকে নিয়ে বিস্তার বা তান অথবা বোলতান করা বেশ কষ্টসাধ্যড় এক কথায় বলা যায়, শ্রুতিনন্দিত হওয়ার জন্যে বিশেষভাবে সচেতন হয়ে শব্দ-চয়ন করার প্রয়োজন হয়, নয়তো শিল্পী তা পরিবেশন করতে গিয়ে নানা জটিলতার সম্মুখীন হন। খেয়াল সুরপ্রধান সংগীত। বাণীর আবেদনটি সেখানে গৌণরূপে প্রকাশ পায়। সুরের প্রয়োজনে বাংলা খেয়াল রচিত হতে পারে কিন্তু একটি বিষয় লক্ষণীয় যেড় বাংলা গানের শ্রোতা সুর এবং বাণীতে সমানভাবে গুরুত্ব প্রদানে অভ্যস্ত। বাণীকে বাদ দিয়ে তাঁরা গান শুনতে প্রস্তুত নন। কিন্তু খেয়াল গানের ভিত্তি কথা বা বাণী নয়, রাগের গায়ন-রীতি, ভঙ্গি, সুর, তান তথা রাগের রূপ প্রকাশই এর মুখ্য ভূমিকা। এই সকল বিষয়ের কারণেই উচ্চাঙ্গ-সংগীতের ভুবনে বাংলায় খেয়াল আজো তেমনভাবে সমাদৃত হতে পারেনি। এবারে নজরুল প্রসঙ্গে আসা যাক।

কাজী নজরুলের রাগ-প্রীতির পরিচয় পাওয়া যায় তাঁর সৃষ্টির সূচনালগ্ন থেকেই। কৈশোরে লেটো গানের সুরে রাগ-রাগিণীর ব্যবহার সম্পর্কে কোনো সুস্পষ্ট ধারণা পাওয়া যায়নি। এর পরবর্তীতে ১৯১৭ সালের 'বেঙ্গলী ব্যাটেলিয়নে' যোগ দিয়ে করাচি চলে যান তিনি। ১৯২০ সালে করাচিতে বসে রচিত কয়েকটি গল্পে রাগের উল্লেখ পাওয়া যায়। যেমন আশাবরী, ভৈরবী, দীপক, বাগেশ্রী, মেঘ-মল্লার, কানাড়া। 'ব্যথার দান' গল্পে ভৈরবীতে বিবাদী স্বর হিসেবে কড়ি মধ্যমের মহিমা বর্ণনা করেছেন। এরপর ১৯২০ সালে মার্চ-এপ্রিল মাসে নজরুল সৈনিক-জীবন সমাপ্ত করে কলকাতায় স্থায়ীভাবে বসবাস শুরু করেন। মূলত তখন থেকেই সাহিত্য ও সংগীতে পরিপূর্ণ সাধনায় সম্পূর্ণ নিজেকে মনোনিবেশ করেন। ঐ সময়ই তিনি রবীন্দ্রসংগীত-শিল্পী হিসেবে বিখ্যাত হয়ে উঠেছিলেন। ঐ সময়ই তাঁর প্রথম গান 'উদ্বোধন' শিরোনামে স্বরচিত প্রথম গান 'বাজাও প্রভু বাজাও'। লক্ষণীয় বিষয় যে, এ গানটিতে তিনি 'বসন্ত-সোহিনী' রাগের ব্যবহার করেছেন। রাগ-সংগীতের প্রতি তীব্র আকর্ষণ প্রমাণিত করার জন্য তা যথেষ্ট বৈকি। বাংলা ভাষায় খেয়াল রচনা এবং রাগপ্রধান বাংলা গানের মধ্যে একটি বিশেষ পার্থক্য বিদ্যমান। বাংলা খেয়াল রাগরূপকে প্রকাশ করার জন্যে যার কাঠামোগত দিকে শুধু স্থায়ী ও একটি অন্তরা থাকেড় অপর দিকে রাগপ্রধান বাংলা গান একটি পরিপূর্ণ গান, যাতে কাঠামোর দিক থেকে স্থায়ী অন্তরা, আভোগ, সঞ্চারী বিশিষ্ট। এতে রাগরূপ বা তান, বাদী, সমবাদী অর্থাৎ রাগের অন্যান্য বৈশিষ্ট্য প্রকাশে বাধ্যবাধকতা থাকে না, যে কোনো একটি রাগকে নির্ভর করে গাঁথা হয়। আবার কখনো দুটি অথবা তিনটি রাগেরও মিশ্রণ ঘটে বা গানের কোনো অংশে রাগ থেকে বিচ্যুতিও ঘটতে পারে। এবং তালের ক্ষেত্রে ত্রিতাল, কাহারবা, দাদরা, তেওড়া, ঝাঁপতালের ব্যবহার দেখা যায়।

কাজী নজরুল একাধারে বাংলা খেয়াল ও রাগপ্রধান গান দুটিই রচনা করে গেছেন। এ পর্যায়ে আলোচ্য বিষয় যেহেতু কাজী নজরুলের বাংলা খেয়াল তাই তাঁর রাগপ্রধান বাংলা গান নিয়ে পরবর্তীতে আলোচনার আশা রাখি।
কাজী নজরুলের বাংলা খেয়ালকে দুটি ভাগে ভাগ করা যায় :

ক. নির্দিষ্ট হিন্দি বন্দিশের বাংলা রচনা; যাকে মূল গান থেকে সৃষ্ট ভাঙা গান বলা যায়।

খ. উত্তর-ভারতীয় রাগে তাঁর নিজস্ব সৃষ্ট বন্দিশ।

কাজী নজরুল আগ্রা ঘরানার প্রতি বিশেষভাবে আকৃষ্ট ছিলেন, ফলে আগ্রা ঘরানার প্রথিতযশা শিল্পী দীপালি নাগ (দীপালি তালুকদার)-এর মাধ্যমে বেশ কিছু বন্দিশ যা তিনি তাঁর গুরু ওস্তাদ ফৈয়াজ খাঁ-র কাছ থেকে শেখা, সেইসব বন্দিশের বাংলা রূপ দেন কাজী নজরুল। নিম্নে তাঁর উল্লেখযোগ্য কিছু বন্দিশের উল্লেখ করা হল :

১. রাগ : নট বিহাগ। তাল : ত্রিতাল
মূল বন্দিশ : ঝন্ ঝন্ ঝন পায়েলা বাজে
জাগে মোরী সাস ননদীয়া...
নজরুল-রচিত বন্দিশ : রুম ঝুম ঝুমঝুম্ নূপুর বোলে
বনপথে যায় কে বালিকা ...

২. রাগ : সুভারী গৌরী বা কাপর গৌরী। তাল : ত্রিতাল মধ্যলয়।
মূল বন্দিশ : লাগোহী আবে পিহু মোরা
বর জোর না মানে ॥
নজরুল-রচিত বন্দিশ : বিষাদিনী এসে শাওন সন্ধ্যা
কাঁদিব দু'জনে...

৩. রাগ : জয়জয়ন্তী। তাল : ত্রিতাল।
মূল বন্দিশ : মোরে মন্দির অবলো নহী আয়ে
ক্যায়সী চুক পরী মোরী আশী ॥
নজরুল-রচিত বন্দিশ : মেঘ মেদুর বরষায় কোথা তুমি
ফুল ছড়ায়ে কাঁদে বনভূমি ॥

৪. রাগ : ছায়ানট। তাল : ত্রিতাল (মধ্যলয়)
মূল বন্দিশ : ঝনন ঝনন ঝননননন বাজে বিছুয়া বাজে
পিয়াকে মিলন কো চলী জাত।
নজরুল-রচিত বন্দিশ : রিনিকি ঝিনিকি ঝিনি রিনিরিনি
ঝিনি ঝিনি বাজে পায়েলা বাজে ॥

৫. রাগ : গৌড় মল্লার। তাল : তিতাল (মধ্যলয়)
মূল বন্দিশ : মোরি আলি পিয়া নাজ্জী
কহে মেহা বরসে ॥
নজরুল-রচিত বন্দিশ : ফিরে নাহি এসে প্রিয়
ফিরে এসো বরষা ॥

৬. রাগ : গারা কানাড়া। তাল : ত্রিতাল (মধ্যলয়)।
মূল বন্দিশ : তনমন ধন সব বারা আলী
জো আবে মোরে মন্দরবা ॥
নজরুল-রচিত বন্দিশ : নিরজন ফুল বন এসো পিয়া
রহি রহি বোলে কোয়েলিয়া ॥

৭. রাগ : আনন্দী। তাল : ত্রিতাল (মধ্যলয়)।
মূল বন্দিশ : এবারে সৈয়াঁ জোহে
সকল বন বন ঢুঢু ॥
নজরুল-রচিত বন্দিশ : দূর বেণু কুঞ্জে বাজে
মুরলী মুহু মুহু ॥

৮. রাগ : ভীমপলশ্রী। তাল : ত্রিতাল (মধ্যলয়)।
মূল বন্দিশ : তুম সো লাগি রটনা
পিহরবা মোরা ॥
নজরুল-রচিত বন্দিশ : আমার মনের বেদনা
হে অভিমানী বুঝিলে না ॥

৯. মূল বন্দিশ : এরি এ ম্যায় কাকে বিঙ্গা যাউ
নজরুল-রচিত বন্দিশ : একি এ মধু শ্যাম বরহে ...

১০. রাগ : বাহার। তাল : ত্রিতাল (মধ্যলয়)।
মূল বন্দিশ : কর সো লো জাইয়ে গরবা
পী পাম মোতয়নকী রগ সো ॥
নজরুল-রচিত বন্দিশ : পিউ পিউ বোলে পাপিয়া
ফাল্গুন উন্মন বন ব্যাপিয়া ॥

১১. রাগ : কাফী কানাড়া। তাল : ত্রিতাল (মধ্যলয়)।
মূল বন্দিশ : সুর কর আই পিয়া কে সঙ্গ
দৌরানী জিবানী আই সব গুণ অঙ্গ ॥
নজরুল-রচিত বন্দিশ : আঁখি পাতা ঘুমে জড়ায়ে আসে
ওগো চাঁদ জাগিয়া থেকো সুদূর আকাশে ॥

১২. রাগ : যোগিয়া। তাল : দীপচন্দী।
মূল বন্দিশ : করলে সিঙ্গার চতুর আল বেলী
সাজন রে সব জানা হোগা ॥
নজরুল-রচিত বন্দিশ : কেন গো যোগিনী বিধূর অভি
যৌবনে মগন গভীর ধ্যানে ॥

১৩. রাগ : বারবা। তাল : ত্রিতাল (মধ্যলয়)।
মূল বন্দিশ : বাজে মোরী পায়েলিয়া প্রেম
বাজে মোরী পায়েলিয়া।
নজরুল-রচিত বন্দিশ : আজো বোলে কোয়েলিয়া
চাঁপা বনে প্রিয় তোমারি নাম গাহি ॥

১৪. রাগ : দেশী। তাল : ত্রিতাল (মধ্যলয়)।

মূল বন্দিশ : মারে দেরে আয়ো থৈ
আও না জী মহা রাজা জী থৈ ॥

নজরুল-রচিত বন্দিশ : ধীরে ধীরে আসি
আধো ঘুমে বাজাল বাঁশী (সে)
ফুল-রাখী দিল বাঁধি হাসি (সে) ॥

উপরোক্ত ১৪টি বন্দিশের পর্যালোচনা করলে বা বাণীর দিকে লক্ষ করলে দেখা যায় সুরপ্রধান খেয়ালের যে আপন বৈশিষ্ট্য বজায় রাখার জন্যে বাণীর নির্বাচন অত্যন্ত সুদক্ষ। নির্ভরশীল দীর্ঘ বাক্য খেয়ালের জন্যে প্রযোজ্য নয়ড় নজরুল সে বিষয়ে দক্ষতার পরিচয় রেখে গেছেন। তাই এই বন্দিশগুলো বাংলায় অথবা হিন্দি বাণী উভয়ই গাওয়া সম্ভব।

উক্ত মূল বন্দিশ ছাড়া তাঁর রচিত আরো বেশ কিছু উল্লেখযোগ্য উত্তর-ভারতীয় রাগের বাংলা বন্দিশ আকারে গান রয়েছে যাকে বাংলা খেয়াল (দ্রুত) বলা সমীচীন। যেমন :

১. মধুর মিনতী শোন ঘনশ্যাম (রাগ : জৈনপুরী। তাল : ত্রিতাল)।
২. এসো প্রিয় আরো কাছে (রাগ : দেশী, তাল : ত্রিতাল)।
৩. কেন করুণ সুরে হৃদয় পুরে (রাগ : দেশ-সুরট। তাল : একতাল)।
৪. গগনে সঘন চমকিছে দামিনী (রাগ : মেঘ। তাল : ত্রিতাল)।
৫. পিউ পিউ বিরহী পাপিয়া বোলে (রাগ : ললিত। তাল : ত্রিতাল)।
৬. বরষা ঐ এলো বরষা (রাগ : মেঘ মল্লার। রাগ : ত্রিতাল)।
৭. এ ঘন ঘোর রাতে ঝুলন দোলায় (রাগ : সুর-মল্লার। তাল : ত্রিতাল)।
৮. মধুর নূপুর রুমঝুমু বাজে (রাগ : শঙ্করা। তাল : ত্রিতাল)।
৯. ঝর ঝর বারি ঝরে অম্বরে ব্যাপিয়া (রাগ : শুদ্ধ সারঙ্গ। তাল : ত্রিতাল)।
১০. বনপথে কে যায় মনে হয় যেন (রাগ : চন্দ্রকেলি। তাল : ত্রিতাল)।
১১. শোন লো বাঁশিতে ডাকে আমারে শ্যাম (রাগ : মালকোষ। তাল : ত্রিতাল)।

এ-সকল গানই এক অন্তরাবিশিষ্ট বাংলা খেয়ালের বন্দিশের ন্যায় পরিবেশন করা যায়ড় যা পূর্বের রেকর্ড শুনলে সহজেই অনুমেয়। এ-সকল বাংলা বন্দিশ ছাড়াও আরও বেশকিছু গান, যার সুর পাওয়া সম্ভব হয়নি কিন্তু নজরুলের রচনা দেখলেই অনুমানড় কাঠামোগত দিক থেকে তা পরিপূর্ণ বাংলায় বন্দিশ, তাতে রাগের নামও রয়েছে। তাই অনুমান করা যায় তা কোনো এক সময় গীত হয়েছিল। যেমন খাম্বাজ রাগে : 'আজি নন্দ দুলাল মুখ চন্দ্র হোরী', 'কে গো গানে ভাসে হিয়া ভরালে নিরাশা ভুলায়ে আশা ধরালে'। একইভাবে কিছু ঠুমরীও পাওয়া যায়।

প্রথমার্ধে যে বিষয়টি বিশেষভাবে দৃষ্টিপাত করা হয়েছিল যে, বাংলা বর্ণমালার কারণে খেয়ালে বাংলা ভাষা বিঘ্নিত হওয়ার বিষয়টি নজরুল তাঁর শব্দ-চয়ন এবং বিষয় নির্বাচনের মাধ্যমে তা অতিক্রম করতে পেরেছেন অত্যন্ত সুচারুরূপে এবং দক্ষতার সঙ্গে।

আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতার বিষয়টি প্রাসঙ্গিকভাবে ব্যক্ত করা প্রয়োজন বলে মনে করছি। উত্তর-ভারতীয় খেয়ালের সঙ্গে আমার পরিচয় দীর্ঘ দুই যুগের। ঢাকায় যাঁরা উচ্চাঙ্গ-সংগীতে পণ্ডিত ব্যক্তিড় জনাব নারায়ণ চন্দ্র বসাক, আক্তার সাদমানী এবং ভারতের ওস্তাদগণড় শ্রীমোহন সিং খাংজুরা, ওস্তাদ ইউনুস খাঁ, কাবেরী কর, অলোক চট্টোপাধ্যায়, ধীরেন্দ্রচন্দ্র মিত্রড় তাঁদের কাছে দীর্ঘ আট বছর তালিম নিয়েছি। উচ্চাঙ্গ-সংগীতেই স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিলাভ করেছিড় সেই অভিজ্ঞতার আলোকে বলতে চাই যে, কাজী নজরুল বাংলা খেয়ালের সফল এবং সার্থক রচয়িতা। তাঁর বন্দিশগুলো যখন গাইড় বাণী উচ্চারণগত কোনো সমস্যাই আসে না। তা অত্যন্ত সাবলীলভাবে সহজেই উচ্চারণ করা যায় এবং বাংলা ভাষাতে হওয়ায় তা সকলের সহজেই বোধগম্য হয়। স্ব-ভাষায় হওয়াতে এর আবেদনও থাকে অত্যন্ত আন্তরিক।

সহায়ক গ্রন্থাবলি :

১. নজরুল-গীতি (অখণ্ড), আবদুল আজীজ আল্ আমান, হরফ প্রকাশনী, কলিকাতা।
২. নজরুল-সংগীতে রাগের ব্যবহার, ড. লীনা তাপসী খান, নজরুল ইন্সটিটিউট, ঢাকা।
৩. নজরুলের রাগ-ভাবনা, ব্রহ্মমোহন ঠাকুর, নজরুল ইন্সটিটিউট, ঢাকা।
৪. নজরুল-সংগীত নির্দেশিকা, ব্রহ্মমোহন ঠাকুর, নজরুল ইন্সটিটিউট, ঢাকা।
৫. সংগীত-কোষ, করুণাময় গোস্বামী, বাংলা একাডেমী, ঢাকা, ২০০৪।
৬. নজরুল-সংগীতের সুর, ইদ্‌রিস আলী, নজরুল ইন্সটিটিউট, ঢাকা, জুন, ১৯৯৭।

নজরুলের কৈফিয়ত এবং আমাদের কষ্ট

আনিস আহমেদ

কবি, প্রবন্ধিক, শিক্ষক, বেতার সাংবাদিক ও সম্প্রচারক

নজরুলকে যে তাঁর সকল কাজের কৈফিয়ত দিতে হয়েছিল এক সময়ে সে জন্যে এখনও লজ্জায় আমরা আনত বোধ করি। নজরুল খুব সহজ ও শ্লেষাত্মক ভাবে সেই কৈফিয়ত দিয়েছিলেন বটে কিন্তু সেই কৈফিয়ত-এর মধ্যেই ফুটে উঠেছে আমরা কেমন বিভাজিত সমাজে বাস করি। বোধ হয় সেই বিভাজন এখনও দূর হয়নি; এখনও যেন কেউ কেউ নজরুল ইসলামকে বিভাজিত ভাবে দেখতে চান এবং তাঁর বাহ্য বৈপরীত্যের মধ্যেও যে এক ধরনের ঐক্যের কথা আছে সেই সত্য অনুধাবনে ব্যর্থ হন। নিজ নিজ ক্ষুদ্র দৃষ্টিতেই তাঁরা বরঞ্চ নজরুলকে দেখতে ভালোবাসেন এবং নজরুল-সত্তার অন্য দিকটি তাঁরা অবজ্ঞা করে যান। আমাদের জন্য কষ্টের বিষয় হচ্ছে, নজরুলের কৈফিয়ত দেয়ার সেই পরিবেশের অবসান এখনও ঘটেনি। এখন এই একুশ শতকের দ্বিতীয় দশকেও যদি নজরুল লিখে যেতেন তা হলেও তাঁকে কৈফিয়ত দিতে হত, তাঁর ধর্ম-পরিচয় নিয়ে, তাঁর রাজনৈতিক আনুগত্য নিয়ে এবং এখনও তিনি খণ্ডিত থেকে যেতেন মানুষের মনে। খণ্ডিত যে নেই সে কথাটাই-বা বলি কেমন করে। এখনও দেখি নজরুলকে বিভিন্ন দৃষ্টিভঙ্গি দিয়ে দেখার একটা প্রকট প্রবণতা রয়েছে আমাদের মধ্যে, যা তাঁর মানবতাবোধকে আড়াল করে ফেলে তাঁকে আপাতবিরোধী দৃষ্টিকোণ থেকে দেখার কারণে। নজরুল রচনার এই বাহ্য বিভাজনকে অনেকেই প্রধান করে তোলেন কিন্তু তাঁরা দেখেন না নজরুল এক অবিভাজিত সত্তা। তিনি মানুষকে বিভিন্ন পরিচয়ে তুলে ধরেছেন ঠিকই, তাদের ভিন্ন ভিন্ন অস্তিত্বকেও স্বীকৃতি দিয়েছেন, কিন্তু অভিন্ন এক সত্য দর্শনকে উপস্থাপন করেছেন। যাঁরা নজরুলের সেই মানবিক সত্তাকে উপলব্ধি করতে ব্যর্থ হচ্ছেন, এবং খণ্ডিত নজরুলকে দেখছেন ভিন্ন ভিন্ন ভাবেড় তাঁরা বস্তুত নজরুলকে চিনতেই পারছেন না, এ যেন অন্ধের গজদর্শনের মতো।
১৯২৫ সালে নজরুলের 'আমার কৈফিয়ত' কবিতাটি ছাপা হয়েছিল 'বিজলী' পত্রিকায়। ততদিনে নজরুল সম্ভবত বুঝতে পারছিলেন যে তাঁর সাহিত্যে যে বাহ্যিক ভিন্নতা রয়েছে, রয়েছে হয়তো আপাত-বিরোধিতাওড় সেটি সাম্প্রদায়িক ও রাজনৈতিক কারণে নানান ব্যাখ্যায়-বিশ্লেষণে খণ্ডিত হচ্ছে। আর কেবল সাহিত্যই নয়, নজরুলের জীবনাচরণে সাধারণভাবে একটা বৈপরীত্য লক্ষ করা যায়ড় তবে সেটি যে আসলে বৈচিত্র্যের মধ্যে ঐক্যড় সে কথা অনেকেই বুঝতে না পেরে সরল-রৈখিক বিশ্লেষণে নজরুলের বিষয়কে তাঁদের ক্ষুদ্র দৃষ্টিভঙ্গি থেকেই বিশ্লেষণ করেছেন। 'আমার কৈফিয়ত' কবিতার একেবারে প্রথম লাইনেই তিনি বলে দিচ্ছেন তিনি বর্তমানের কবি, ভবিষ্যতের নবী ননড় অতএব তিনি কোনো ভবিষ্যদ্বাণী করছেন না। তবে এ বোধ করি তাঁর নিতান্তই বিনয়, প্রকৃত অর্থে তিনি রবীন্দ্রনাথের মতোই সর্বকালের কবি, কারণ তাঁর সময়কার সেই বিভাজনের সংস্কৃতি থেকে আমরা এখনও ঠিক বেরিয়ে আসতে পারিনি। তখনকার সময়টাকে তিনি যে শ্লেষাত্মক মিশ্রিত কৌতুকের সঙ্গে দেখেছেন, সেই সময়টা এখনও প্রসারিত, পঞ্জিকার পাতায় পরিবর্তন এসেছে বটে কিন্তু বিভাজনের মানসিকতা থেকে আমরা কি বেরিয়ে আসতে পেরেছি? নজরুল যখন লেখেন,

"হিন্দুরা কন আড়ি চাচা
যবন না আমি কাফের ভাবিয়া খুঁজি টিকি দাড়ি, নাড়ি কাছা।"

তখন নজরুল খুব হালকা রূপকল্পের মাধ্যমে গভীর এক সত্য কথা উপস্থাপন করেন। এক শ্রেণির হিন্দুর এই ক্ষুদ্রমনস্কতার পাশাপাশি তিনি ভোলেননি এক শ্রেণির মুসলিমেরও সাম্প্রদায়িকতা এবং কুপমণ্ডুকতার কথা :

মৌ-লোভী যত মৌলবী আর 'মোল-লারা' কন হাত নেড়ে
দেব-দেবী নাম মুখে আনে, সবে দাও পাজিটার জাত মেরে
ফতোয়া দিলাম কাফের কাজী ও,
যদিও শহীদ হইতে রাজীও!

কী অসাধারণভাবে নজরুল ধর্ম-ব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন, তাঁর নিজের কাব্যিক প্রতিভার গুণে। এই মোল্লা-পুরুত যারা খোদার ঘরে দিয়েছে তালাড় তাদের কথা নজরুল অন্য কবিতায়ও উল্লেখ করেছেন ঘৃণায় ও দ্রোহ মিশ্রিত শব্দ-সঙ্গমে। কিন্তু কেবল ধর্মীয় সম্প্রদায়ের খড়্গেই খণ্ডিত হননি নজরুল, তাঁর ওপর আঘাত এসেছে রাজনীতির মেরুকরণ থেকেওড় সে কথা প্রকাশ করতেও নজরুল দ্বিধাবোধ করেননি আদৌ। তিনি 'আমার কৈফিয়ত' এ লিখছেন :

আনকোরা যত ননভায়োলেন্ট নন-কোর দলও নন খুশী।
'ভায়োলেন্সের ভায়োলিন' নাকি আমি, বিপ্লবী-মন তুষি।

লক্ষ করার বিষয়ড় অহিংসবাদীরা তাঁকে একজন সহিংস বিপ্লবী বলেই চিহ্নিত করেন, আবার তিনি যখন চরকা'র কথা বলেন তখন বিপ্লবীরা ভাবে তিনি আসলেই অহিংস আন্দোলনের অনুগামী। নজরুল যে একজন পূর্ণাঙ্গ সত্তা সেই সত্য কথাটা অনুধাবনে ব্যর্থ হয়েছেন অনেকেই এবং আজকের এই কথিত উত্তর-আধুনিক যুগেও মনে হয় যেন দক্ষিণ-এশিয়ার মানুষ সেই পুরনো তিমিরেই থেকে গেছে। নজরুলের গোঁড়া পাঠকেরা তাঁর লেখায় বাহ্য বৈপরীত্য দেখে বিস্মিত হন। হিন্দু পাঠক তাঁর ইসলামি গান শুনতে চান না এমনকি এই গোঁড়ামির কারণেই সংগীতশিল্পী কাসিম মল্লিক তাঁর নাম পর্যন্ত বদলে ফেলেছিলেন, হয়ে গিয়েছিলেন কে. মল্লিক নতুবা গান তিনি যতই ভালো গাইতেন-না কেন, তাঁর হিন্দু শ্রোতাদের কাছে তিনি উপযুক্ত বাজার পেতেন না। লক্ষ করেছি এখনও কেউ কেউ কাজী নজরুল ইসলামকে, কেবল নজরুল বলেন, পাছে তাঁর নামের শেষ অংশ ইসলাম বললে স্বীকার করতে হয় যে নজরুল মুসলমান ছিলেন। আর ঠিক তেমনি তাঁর অসাধারণ শ্যামাসংগীত সম্পর্কে মুসলমান শ্রোতাদের কেউ কেউ এখনও অজ্ঞ, অন্যরা অবিশ্বাস করে নাক সিঁটকাবেন যে এমনও গান লিখতে পারেন এই কবিড় যিনি লিখেছেন, "আল্লাহতে যাঁর পূর্ণ ঈমান, কোথা সে মুসলমান।"
নজরুলের এই মেরুবর্তী দর্শন, কখনও কখনও বিপরীতমুখী চেতনা তাঁর সাধারণ পাঠককে বিভ্রান্ত করতেই পারে যাঁরা সবকিছু কেবল অক্ষরে পাঠ করেন, কিন্তু সাহিত্যের অন্তরে প্রবেশ করেন না। 'আমার কৈফিয়ত' কবিতাটি প্রকাশিত হবার পর, জনৈক আনওয়ার হোসেনের অনুযোগের জবাবে নজরুল যা বলেছিলেন 'বিদ্রোহী রণক্লান্ত নজরুল জীবনী' গ্রন্থের রচয়িতা নজরুল-গবেষক ড. গোলাম মুর্শিদের বইয়ে তার উদ্ধৃতি রয়েছে। নজরুল লিখেছিলেন,

"... আমি মুসলমান কিন্তু আমার কবিতা সকল দেশের, সকল কালের এবং সকল জাতির। কবিকে হিন্দু কবি, মুসলমান কবি ইত্যাদি বলে বিচার করতে গিয়ে এত ভুলের সৃষ্টি। ... ধর্মের বা শাস্ত্রের মাপকাঠি দিয়ে কবিতাকে মাপতে গিয়ে ভীষণ হট্টগোলের সৃষ্টি হয়।"

কাজী নজরুল ইসলাম নিজের কাব্যচর্চাকে যে ধর্মীয় নিগড়ে বাঁধেননি, সেটি তাঁর সাহিত্যকে এক বৈশ্বিক মর্যাদা দিয়েছে। মানুষের মনের শ্রেষ্ঠত্ব সম্পর্কেও তিনি যে কথা বলেছেন, সেটাও কিন্তু গোটা বিশ্বে সম্প্রসারিত। তিনি যখন বলেন :

এই খানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট
এই হৃদয়ে সেই নীলাচল, কাশী, মথুরা, বৃন্দাবন
বুদ্ধগয়া এ, জেরুজালেম এ, মদিনা, কাবাভবন
মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়,
এইখানে বসে ঈসা-মুসা পেল সত্যের পরিচয়

এই বৈপরীত্য, এই বাহ্যত দিকবিদিক বিষয় কী ভাবে একীভূত হয় মানব-মনে সেই অধ্যাত্মবোধ নজরুলকে মানুষের কবিতে রূপান্তরিত করেছে। আজকের এই বিভাজিত বিশ্বে মথুরার সঙ্গে মদিনা কিংবা কাবা'র সঙ্গে কাশীর সমীকরণে হিন্দু-মুসলমান সকলেই ক্ষিপ্ত হতেই পারেন, ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগছে বলে উচ্চকণ্ঠ হতে পারেন এবং তখনকার মতো এখনও নজরুল যদি লিখতেন এ-রকম কবিতাড় তা হলে ধর্মদ্রোহী বলে মুসলমানরা তাঁকে খারিজ করতেন, হিন্দুরা পরিত্যাগ করতেন 'যবন'-দের সঙ্গে তাদের মেশানোর জন্য। তাই আজ আবার যখন বিভাজনের বিতর্কে আমরা মুণ্ডুপাত করছি একে অপরের, তখন সময় এসেছে খণ্ডিত নয়, পূর্ণ নজরুলকে উপলব্ধির।

নজরুল-সংগীত চর্চা ও বর্তমান প্রেক্ষিত

সালাউদ্দিন আহমেদ
উচ্চাঙ্গ ও নজরুল-সংগীতশিল্পী, বাংলাদেশ বেতার ও টেলিভিশন
শিক্ষক ও স্বরলিপিকার, কবি নজরুল ইনস্টিটিউট

বাংলা গানের অবিসংবাদিত রূপকার কাজী নজরুল ইসলাম। বাংলা গানের সকল শাখায় যাঁর সফল সৃষ্টি বাংলা গানের ভাণ্ডারকে করেছে সমৃদ্ধ থেকে সমৃদ্ধতর। সুস্থ মননশীল সংগীতচর্চা তথা সংস্কৃতি বিকাশে গত প্রায় শত বছর ধরে সহায়ক ভূমিকা রেখে চলেছে।

এ-কথা বলার কোনো অবকাশ নেই যে, আমরা নজরুল তথা নজরুল-সংগীতকে জনপ্রিয় করেছি। কারণ নজরুল সুস্থ থাকাকালীন (বিশ দশকের শেষ থেকে চল্লিশ দশকের শেষ পর্যন্ত) তাঁর সৃষ্ট গান রেকর্ডবদ্ধ হয়ে সেই সময়ের সবচেয়ে জনপ্রিয় সংগীত হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিল। উল্লিখিত সময়ে রেকর্ডকৃত গানগুলো প্রাথমিকভাবে ব্যক্তিগত উদ্যোগ, পরবর্তীতে নজরুল একাডেমী ও বর্তমানে সরকারি প্রতিষ্ঠান নজরুল ইনস্টিটিউটের উদ্যোগে প্রায় আঠার শত গান সংগৃহীত হয়েছে (আদি গ্রামোফোন রেকর্ডকৃত), এ ছাড়া আরও কয়েকশ প্রচলিত গান তো রয়েছেই। এই পরিসংখ্যান নিঃসন্দেহে প্রমাণ করে তৎকালীন সময়ে নজরুল-সংগীতের জনপ্রিয়তা।

এখন প্রশ্ন নজরুল নির্বাক হয়ে যাওয়ার পর থেকে এখন পর্যন্ত আমরা কী করেছি আর কী করছি। নজরুল নির্বাক হয়ে যাওয়ার পর থেকেই তাঁর সৃষ্টিকর্মের প্রতি শুরু হয়েছিল নিদারুণ অবজ্ঞা আর অবহেলা। একমাত্র তাঁর সংগীত কিছুটা চর্চিত হচ্ছিল তা-ও যথেচ্ছভাবে। একটি স্বার্থান্বেষী মহল তাঁর গানকে নিজের নামে চালাবার অপপ্রয়াসেও মত্ত হয়েছিল। প্রচারমাধ্যমগুলোও তাঁর সংগীত প্রচারে অনীহা দেখাতে শুরু করে সেই তখন থেকেই। কোনো কোনো ক্ষেত্রে নজরুলের অমর গানগুলো শুধুমাত্র শিল্পীর নাম উল্লেখ করে 'অমুকের কণ্ঠসংগীত শুনলেন' বলে চালিয়ে দেওয়া হয়েছে। প্রচারমাধ্যমগুলো এবং মঞ্চে নজরুল-সংগীত গাইবার সুযোগ দিনের পর দিন কমতে থাকায় শিল্পীদের ভেতর নজরুল-সংগীতের চর্চাও কমতে থাকে। সেইসাথে চলতে থাকে যথেচ্ছাচার। যার যেমন খুশি কথা ও সুরে গাইতে থাকলেন।

এই ভয়াল অবস্থা থেকে হাতে-গোনা কয়েকজন কুশলী শিল্পী (যেমন সিদ্ধেশ্বর মুখোপাধ্যায়, ধীরেন্দ্র চন্দ্র মিত্র, দীপালি নাগ) নজরুল-সংগীতের ভাঙা তরী অনেক কষ্টে বেয়ে চললেন। শুরু তাই নয় নজরুলের সাহিত্যকর্ম ও সংগীত প্রচার ও প্রসারে প্রায় বেশিরভাগ কেতাবি ও তথাকথিত বোদ্ধা মানুষেরা অনীহা প্রকাশ করেছেন (মনের বিরুদ্ধে)।

প্রসঙ্গত আমি দুটি উদাহরণ দেব। আমি নিজে অনেক শিক্ষিত ও আপাতদৃষ্টিতে সংস্কৃতিবান লোকের বাড়িতে দেখেছি ড্রয়িংরুমের শো-কেসে অপরিচিত লেখক ও শিল্পীদের বই ও রেকর্ড-ক্যাসেট শোভা পাচ্ছে। কিন্তু প্রায় ক্ষেত্রেই নজরুলের বই, রেকর্ড, ক্যাসেট অনুপস্থিত। কিন্তু চিত্তবিনোদনের জন্য অন্য জায়গায় রাখা নজরুল-সংগীতের ক্যাসেট বের করে শুনছেন। সবচেয়ে দুঃখের কথা অর্থ উপার্জনের জন্য নজরুলকে আমরা ব্যবহার করছি ঠিকই কিন্তু নেহাতই অতি প্রয়োজন ছাড়া বক্তৃতা ও লেখালেখিতে নজরুলের নাম উল্লেখ করি না। আর করলেও তাঁর সঙ্গে অপ্রাসঙ্গিকভাবে হলেও অন্য দুই-একজন কবি-সাহিত্যিকদের নামের সাথে উচ্চারণ করি। এ যেন দয়া করে নজরুলের কথা বলে তাঁকে ধন্য করে দেওয়া।

এ প্রসঙ্গে প্রয়াত অমর নজরুল-সংগীতশিল্পী ধীরেন্দ্র চন্দ্র মিত্রের একটি বেতার-সাক্ষাৎকার, যা নজরুলের প্রয়াণ দিবসে প্রচার হয়েছিল, উল্লেখ করার মতো। উক্ত বেতার-শোকসভায় তিনি বলেছিলেন, কোনো এক ঘরোয়া অনুষ্ঠানে গান শুরু করার আগে তিনি বলেছিলেন তিনি নজরুলের গান গাইবেন। কিন্তু উপস্থিত শিক্ষিত শ্রোতাগণ আপত্তি করেছিলেন। তাঁদের বক্তব্য ছিল নজরুলের গান নয়, অন্য গান করুন। সুধী সমাজে নজরুলের গান অপাঙ্‌ক্তেয়। ভাবটা এমনই ছিল। ধীরেনবাবু বাধ্য হয়েই শুরু করলেন তাঁর অনুষ্ঠান এবং অনেকগুলো গান পরিবেশন করলেন। উপস্থিত ভদ্র, শিক্ষিত সমঝদাররা খুব

আনন্দের সাথে অনুষ্ঠান উপভোগ কররেন এবং তঁর গানের ভূয়সী প্রশংসা করলেন। তারপর শিল্পী অত্যন্ত বিনয়ের সাথে বলেছিলেন প্রথম দুটি গান ছাড়া বাকি সমস্ত গানই ছিল নজরুলের। শিল্পী ধীরেন্দ্র চন্দ্র মিত্র হতবাক হয়ে গিয়েছিলেন সুধী শ্রোতাদের এই আচরণে। এ যেন ভালো লাগা-না-লাগা কোনো ব্যাপার নয়। নজরুল মানেই ড় না না না!!!

বিস্ময়কর কাব্য ও সংগীতস্রষ্টা, কবি ও সংগীতকার তাঁর ব্যস্ততম সময়ে দুর্ভাগ্যজনকভাবে নির্বাক হয়ে গেলেন ১৯৪২ সালে। কাজী নজরুল ইসলামের সৃষ্টিশীলতার প্রদীপ প্রকৃতপক্ষে সেদিনই নির্বাপিত হয়ে যায়। সত্যি বলতে কী, তখন থেকেই নজরুলের প্রতি অবহেলা, তাঁর গান এবং সুরকে নিজের বলে চালানো, ভুল বাণী ও সুরে যথেচ্ছভাবে গাওয়া শুরু হয়ে যায়। আরও দুঃখের কথা, এই সৃষ্টিশীল মানুষটি নির্বাক হয়ে যাওয়ার পর তাঁর অসংখ্য সুবিধাভোগী শিল্পী-সাহিত্যিক, রাজনীতিবিদ কেউ কবির প্রকৃত চিকিৎসার ব্যবস্থা করেনি। তাঁর রোগ সম্পর্কে যতটুকু জেনেছি, তা হল তৎকালীন সময়ে তাঁকে দেশের বাইরে পাঠালে হয়তো কবি সুস্থ হয়ে যেতেন। কিন্তু দুর্ভাগ্য, তাঁর প্রকৃত চিকিৎসা তো হলই না, বরং চিকিৎসার নামে কালক্ষেপণ করে রাঁচি পাগলাগারদে পাঠানো হয়েছিল। কিন্তু আপামর সাধারণ মানুষের দাবির কারণে তাঁকে 'নজরুল নিরাময় সমিতি' তৈরি করে, চাঁদা তুলে বিদেশে পাঠানো হয়েছিল, কিন্তু তার জন্য সময় লেগেছিল প্রায় সাড়ে ১১ বছর। এবং ততদিনে নজরুল সমস্তরকম চিকিৎসার বাইরে চলে গেছেন। এবং যা হবার তাই হল, বিদেশে বিশেষজ্ঞ চিকিৎসকগণ বললেন, "আপনারা অনেক দেরি করে ফেলেছেন। আরও আগে আসলে হয়তো কবি সুস্থ হয়ে যেতেন।" তাহলে সে সময়ের নজরুল-প্রীতির স্বরূপ কী ছিল, তা বোধকরি আর পরিষ্কার করার প্রয়োজন নেই। এবার শুরু হল নজরুলের বিরুদ্ধে প্রকৃত ষড়যন্ত্র। নজরুলের জনপ্রিয়তা ব্যক্তিগত স্বার্থে ব্যবহার শুরু হল। কেউ কেউ নজরুলের বিরুদ্ধে প্রকৃত বাণী ও সুর না-জেনেই ব্যবসায়িক স্বার্থে ভুল বাণী ও সুরে গাইতে শুরু করলেন। আবার কেউ কেউ নজরুলের গান গেয়ে শিল্পী হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার পর অন্য ধারার গান নিয়ে অজানা কোনো কারণে চর্চা করা শুরু করলেন। মজার কথা হল নজরুল সুস্থ থাকাকালীন তাঁর একটু দুঃখের উক্তি এই সময়ে যেন প্রকৃত রূপ পেল। তিনি যা বলেছিলেন তাঁর সারকথা হল, তাঁর গানের জনপ্রিয়তার কারণে রেডিও ও বিভিন্ন মাধ্যমে অনেকে পরিবেশন করেন কিন্তু গান শুনে মনে হয় এ যেন সুরাসুরের লড়াই শুরু হয়ে গেছে! তাঁদের কসরতের কারণে হয়তো কিছুক্ষণের মধ্যেই তাঁর গানের গয়াপ্রাপ্তি হবে। অর্থাৎ তাঁর গান মৃত্যুবরণ করবে। কথাটি তিনি হাস্যরসাত্মকভাবে বললেও দুখী কবির কষ্টের কথা লুকিয়ে ছিল তাঁর ওই খেদোক্তির মধ্যে।

পরবর্তীতে পঞ্চাশ দশকের পর কয়েকজন নজরুল-প্রেমী অসাধারণ শিল্পী, শিক্ষক, যেমনড় ধীরেন্দ্র চন্দ্র মিত্র, ফিরোজা বেগম, অঞ্জলি মুখোপাধ্যায়, মানবেন্দ্র মুখোপাধ্যায়, সুকুমার মিত্র, পূরবী দত্ত নজরুল-সংগীতের নতুন করে উত্থান ঘটালেন। তাঁদের দক্ষতা, আন্তরিকতা ও আধুনিক গায়ন-শৈলীতে নজরুলের গান আবার নতুন প্রজন্মের কাছে জনপ্রিয় হতে লাগল। যদিও আদি সুর ও বাণীর প্রতি অনেক ক্ষেত্রেই অবিচার হয়েছে। তারপরও সুধী সমাজের অনেকের ভালোলাগার গান হিসেবে স্থান করে নিয়েছিল নজরুল-সংগীত। এই জনপ্রিয়তার অন্যতম চাবিকাঠি ছিল উক্ত শিল্পীদের উচ্চাঙ্গ সংগীতে দক্ষতা, অসাধারণ সুরেলা কণ্ঠস্বর এবং সর্বোপরি নজরুল-সংগীতের ওপর অকৃত্রিম অনুরাগ।

উক্ত ধারাবাহিকতায় আমাদের দেশের কয়েকজন গুণী শিল্পী নজরুলের প্রতি অকৃত্রিম ভালোবাসা ও আন্তরিকতার সাথে নজরুল-সংগীতের ধারা প্রবাহিত রেখেছিলেন। প্রয়াত লায়লা আরজুমান্দ বানু, বেদার উদ্দিন আহমেদ, সোহরাব হোসেন ও জুলহাস উদ্দিন আহমেদ। এ প্রসঙ্গে উল্লেখ্য, যুগে যুগে কুশলী শিল্পী এসেছেন ঠিকই কিন্তু বাণী ও সুর-বিভ্রান্তি দিন দিন বেড়েই চলেছিল। কারণ নজরুল-সংগীতের গ্রহণযোগ্য প্রমিত স্বরলিপি ছিল না বললেই চলে। আর এই সুযোগে কিছু অলস ও অযোগ্য শিল্পীর দল সঠিক বাণী ও সুরের ব্যাপারে নিশ্চিত না হয়ে নজরুল-সংগীত যথেচ্ছভাবে গাইতে থাকেন। এই অবস্থা থেকে নজরুল-সংগীতকে অবিকৃত রাখার মহান ব্রত নিয়ে এগিয়ে আসেন প্রয়াত কবি তালিম হোসেন। প্রতিষ্ঠা করেন নজরুল একাডেমী। তাঁর সঙ্গে এই মহান ব্রতে এগিয়ে আসেন প্রয়াত শেখ লুৎফুর রহমান আর শ্রী সুধীন দাশ। সংগৃহীত নজরুল-সংগীতের আদি গ্রামোফোন রেকর্ড অনুসরণে তাঁরা গ্রহণযোগ্য প্রমিত স্বরলিপি করতে শুরু করলেন এবং তা অদ্যাবধি চলছে। যার ফলশ্রুতিতে নজরুল একাডেমী-প্রকাশিত দশখানি গ্রন্থ এবং নজরুল ইনস্টিটিউট প্রকাশিত প্রায় ৫০ খানি গ্রহণযোগ্য প্রমিত স্বরলিপি আমরা পেয়েছি।

এরপর অবস্থা অন্যরকম। বিশেষ করে আমাদের দেশে সংখ্যাতত্ত্বে নজরুল-সংগীত চর্চা, প্রসার বেড়েছে ঠিকই, কিন্তু গুণগত মান কতটুকু বাড়াতে পেরেছি এবং কতটুকু জনপ্রিয় করতে পেরেছি তার হিসাব-নিকাশ করার সময় এসেছে। বেতার-টেলিভিশন ও সরকারি উদ্যোগে নজরুল ইনস্টিটিউট এবং বেসরকারিভাবে নজরুল একাডেমী ও ছায়ানট ছাড়া

আর কি কোনো প্রতিষ্ঠান নজরুল-সংগীতের অনুষ্ঠান করেন? ব্যক্তি-উদ্যোগে এবং নামকরা বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠান নজরুল-সংগীত ছাড়া প্রায় সব ধরনের গানের অনুষ্ঠানে আর্থিক সহযোগিতা করেন। উপরিউক্ত নজরুল-সংগীতের অনুষ্ঠানগুলো প্রচারে গুণগত মান রক্ষা ও অনুষ্ঠান তৈরিতে কতটুকু আন্তরিকতা বোধহয় আর বলার অপেক্ষা রাখে না। যার জন্য মঞ্চ-অনুষ্ঠানগুলোতে সংশ্লিষ্ট লোকজন ছাড়া সাধারণ দর্শক-শ্রোতা খুব কম থাকে। বেতার ও টেলিভিশনের প্রায় প্রত্যেকটি অনুষ্ঠান পরিকল্পনাহীন গুণগত মান-বিবর্জিত ও দায়সারা। যার জন্য প্রায় কোনো অনুষ্ঠানই জনপ্রিয় হতে পারেনি।

এবার আসি ক্যাসেট ও সিডি প্রকাশের ব্যাপারে। এ-কথা বলার অপেক্ষা রাখে না বর্তমানে ক্যাসেট ও সিডি যে কোনো সংগীত প্রচার, প্রসার ও সংরক্ষণে অত্যন্ত গুরুত্বপূর্ণ মাধ্যম। এখানেও নজরুল-সংগীত প্রায় অনুপস্থিত ও অবহেলিত। অন্যান্য সংগীতের তুলনায় নজরুল-সংগীতের ক্যাসেট ও সিডি প্রকাশিত হয় না বললেই চলে। কারণ রেকর্ড কোম্পানিগুলোর অযৌক্তিক অনীহা ও যুক্তি। তাঁদের বক্তব্য নজরুল-সংগীতের ক্যাসেট-সিডি বিক্রি হয় না। তাই তাঁরা প্রকাশ করতে চান না। কিন্তু একবারও তাঁরা ভেবে দেখেননি যে অন্যান্য গানের ক্যাসেট, সিডির জন্য তাঁরা যে পরিমাণ প্রচার ও অর্থ ব্যয় করেন তার সাথে তাঁরা শিল্পীকে যে সম্মানী দেন কিয়দংশও যদি নজরুল-সংগীতের পিছনে ব্যয় করেন তবে অবশ্যই নজরুল-সংগীতের সিডি প্রচুর পরিমাণে বিক্রি হবে। আর তা যদি না-হত তবে হিন্দিভাষী কিংবদন্তি শিল্পী মো. রফি, আশা ভোঁসলে, অনুপ জালোটা ও অনুরাধা পাড়োয়ালের ক্যাসেট ও সিডি বিক্রিতে সর্বকালের রেকর্ড ভঙ্গ করত না। অবশ্য সুর, বাণী, উচ্চারণড় এগুলো ভিন্ন কথা।

এ-কথা সত্য যে আমাদের দেশে দক্ষ আর কুশলী শিল্পীর সংখ্যা কম। কিন্তু একেবারেই নেই তা তো নয়। আমাদের দেশে এখন বেশ কয়েকজন শিল্পী পাওয়া যাবে যাঁদের দক্ষতা অন্যান্য দেশের শিল্পীদের চেয়ে কোনো অংশে কম না। দক্ষ শিল্পী সব যুগেই কম থাকে। আব্বাস উদ্দিন, কাশেম মল্লিক, আঙ্গুর বালা, ইন্দুবালা, ভবানীচরণ দাশ কোনো যুগেই শত শত জন্মায়নি। তাই একটু আন্তরিকতা, একটু ভালোবাসা দিয়ে দক্ষ শিল্পী নির্বাচন করে ক্যাসেট ও সিডি প্রকাশ করুন। অন্যান্য ক্যাসেট ও সিডি'র মতো প্রচার করুন, মঞ্চ ও টেলিভিশন-অনুষ্ঠানে গুণী ও দক্ষ শিল্পীদের নির্বাচন করে আন্তরিকভাবে অনুষ্ঠান তৈরি করে প্রচার করুন। অবশ্যই সুন্দর চেহারা, রাজনৈতিক সুবিধাভোগী এবং সর্বোপরি সুপারিশ-সর্বস্ব শিল্পী বাদ দিয়ে প্রকৃত, দক্ষ ও নিবেদিত শিল্পীদের নিয়ে। দেখবেন এখনও সারা পৃথিবীর সংগীতপ্রিয় মানুষকে বিভোর ও মোহগ্রস্ত করে দেবে সর্বকালের শ্রেষ্ঠ এই নজরুল-সংগীত।

পরিশেষে আমাদের (নজরুল-সংগীতশিল্পী) নিজেদের দিকে ফিরে তাকাব। বর্তমানে সবাই রাতারাতি তারকাখ্যাতি পাবার আশায় ছুটছেন। নজরুলের গান দক্ষতার সাথে গাইতে গেলে সবচেয়ে বেশি প্রয়োজন দক্ষ তত্ত্বাবধানে মূলত উচ্চাঙ্গসংগীতের সাধনা। কারণ প্রচলিত বাংলা গানের ধারাগুলোর ভেতর নজরুল-সংগীত সবচেয়ে বেশি উচ্চাঙ্গসংগীত-নির্ভর। নজরুলের গান গাইতে গেলে সবচেয়ে দক্ষ কণ্ঠ দরকার। কিন্তু আমরা একবারও কি ভেবেছি আমাদের দক্ষতা কতটুকু? এখন সময় এসেছে এ-কথা ভাববার। বিশেষ করে আমাদের অভিভাবকগণকে অনুরোধ করব, আপনাদের ছেলেমেয়েদের রাতারাতি তারকা বানাবার চেষ্টা করবেন না। যোগ্য ও দক্ষ শিক্ষকের কাছে প্রশিক্ষণ দিয়ে তার পর মিডিয়ায় আনার চেষ্টা করবেন। আর টেলিভিশনগুলোর প্রতি অনুরোধড় আপনারা প্রশিক্ষিত, গুণী ও দক্ষ শিল্পীদের নিয়ে অনুষ্ঠান প্রচার করবেন, যেন কোনোমতেই চেহারা ও সুপারিশ যোগ্যতার মাপকাঠি না হয়।

তাই আসুন, আমরা সংখ্যাতত্ত্বে নজরুল-সংগীতের চর্চা না বাড়িয়ে গুণগত মানের দিকে নজর দিই। সেইসাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর প্রতি অনুরোধড় আপনারা মানসম্পন্ন, পরিকল্পনাপ্রসূত, আন্তরিক অনুষ্ঠান, ক্যাসেট ও সিডি বর্তমানের কুশলী শিল্পীদের নিয়ে বেশি বেশি করে প্রচার ও প্রসার করুন। তাহলে সেই গান শুনে নতুন প্রজন্মের শিল্পীরাও নতুন গায়কীতে নজরুলের গান সহজেই গলায় তুলে নিতে পারবেন। কারণ স্বরলিপি দেখে খুব অল্পসংখ্যক শিল্পী গান তুলতে পারেন।

যুগে যুগে অবহেলিত নজরুলকে স্বমহিমায় প্রতিষ্ঠিত করতে হলে এখনই সময় কাজ করার। আর সেটাই হবে এই অসাধারণ ব্যক্তিত্বের প্রতি আমাদের যোগ্য সম্মান প্রদর্শন।

নজরুল জীবনের গভীরতম ট্রাজেডি

শেলী শাহাবুদ্দিন

চিকিৎসাবিজ্ঞানী, গবেষক, লেখক ও প্রবন্ধিক

এক

দু হাজার উনিশের জানুয়ারি মাস। বাংলাবাজার, নিউমার্কেট, সব জায়গায় খুঁজে না-পেয়ে শেষে নীলক্ষেত বইয়ের বাজারে এসেছি। নজরুলের অসুখ বিষয়ে একটা বই খুঁজছি।

যে দোকানটিতে নজরুল বিষয়ক বই বেশি থাকে, সেখানে এসে দোকানিকে জিজ্ঞেস করলাম। তিনি নীলক্ষেতের পরমাশ্চর্য সেই দোকানের ছাদের একটা ফোকর দিয়ে অদৃশ্য হয়ে গেলেন।

আর একজন খদ্দের দাঁড়িয়ে ছিলেন। গাঁট্টা-গোঁট্টা চেহারা। বয়স পঞ্চাশের আশে-পাশে। সাথে মিষ্টি চেহারার এক তরুণী। ভদ্রলোককে আমি চিনি না। কোনোদিন দেখিওনি। ভদ্রলোক আড্ডা দেয়ার মেজাজে বেশ হাসি হাসি মুখে আমার সাথে খোশগল্প শুরু করলেন।

"আরে ভাই, নজরুল ছিল বোহেমিয়ান প্রকৃতির মানুষ। উশৃঙ্খল। অনেক আজে-বাজে জায়গায় যেত। ফলে যৌন রোগ বাধিয়ে বসেছিল...।"

ভদ্রলোক বকর বকর করতেই থাকলেন। মনে হল বিষয়টা আলোচনা করতে পেরে তিনি খুব আনন্দ লাভ করছেন। আমি এই আলোচনায় কোনো উৎসাহ প্রকাশ করলাম না। সঙ্গের মেয়েটিও মনে হল বিব্রত। সে লজ্জিত মুখে মুখ নামিয়ে রাখল। দোকানদার ফিরে না-আসা অবধি আমি যেতেও পারছিলাম না।

অনেকক্ষণ পরে দোকানদার বেশ কয়েকটি বই হাতে নিয়ে অদৃশ্যলোক থেকে নেমে আসার পর ভদ্রলোক উপযাচক হয়ে দোকানদারকে বললেন, "ওনাকে ডাক্তার বাগচী'র লেখা জোগাড় করে দেবেন। বাগচী বলেছে সিফিলিস।"

অন্যত্র বাগচী'র বক্তব্য আমি পড়েছি। কিন্তু বাগচী'র নিজের কোনো লেখা আমি খুঁজে পাইনি। বাগচী'র তথ্যে নতুন বা গুরুত্বপূর্ণ কিছু নেই। কিন্তু এই ভদ্রলোক আমাকে এই বিষয়টি বুঝিয়ে গেলেন যে, 'নজরুলের যৌন রোগ হয়েছিল', এটাই তাঁর কাছে গুরুত্বপূর্ণ। বুঝলাম, বিপরীত তথ্য থাকা সত্ত্বেও কিছু মানুষ এ কথাটাই বিশ্বাস করেন। এবং কথাটা পছন্দ করেন। বিচিত্র মানবচরিত্র।

ওয়াশিংটনে একবার এক সেমিনারে এ বিষয়ে আমার এক সংক্ষিপ্ত আলোচনার পরে কয়েকজন নজরুল-গবেষক আমাকে অনুরোধ করলেন এ বিষয়ে বিস্তারিত লেখার জন্য। কারণ, তাঁরা মনে করেন, নজরুলের অসুখটা সিফিলিস নয়, এ বিষয়ে যথেষ্ট প্রমাণ থাকা সত্ত্বেও অধিকাংশ মানুষ তা জানে না, এবং কিছু মানুষ কিছুটা জেনেও বিশ্বাস করে না।
আমার জন্য কাজটা কঠিন। তবু আমি চেষ্টা করছি। তথ্য-প্রমাণ জোগাড় করতে শুরু করেছি। এই প্রবন্ধ তার ভূমিকা।

দুই

একমাত্র সংগীত-জীবনের সাফল্যময় বছরগুলো ছাড়া কবি কাজী নজরুল ইসলামের জীবন জন্ম থেকে মৃত্যু পর্যন্তই ছিল ধারাবাহিক বিয়োগান্ত জীবনসংগ্রাম। দুই হাতে যুদ্ধ করেছেন দুঃখ-দারিদ্র্য, অপমান, লাঞ্ছনা, সমাজ, ও রাজশক্তির বিরুদ্ধে। এত বেশি প্রতিকূল শক্তির এত বেশি সম্মিলিত আক্রমণের মুখে অধিকাংশ মানুষের জীবন অল্প কয়েক বছরে ক্ষয় হয়ে যাওয়ার কথা। সে হিসেবে নজরুল যে অন্তত ৪৩ বছর বয়স পর্যন্ত লড়াই করে গেছেন আমার কাছে সেটাই আশ্চর্য মনে হয়।

কিন্তু সবচাইতে বেশি দুর্ভাগ্যজনক, ক্ষতিকর, মর্মান্তিক ট্রাজেডি ঘটেছিল তাঁর শেষজীবনের অসুখকে কেন্দ্র করে। প্রথমেই তিনি ভুল রোগ নির্ণয়ের শিকার হয়েছিলেন। ফলে তাঁর ভুল চিকিৎসা হয়েছিল। পরবর্তীকালে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কিছু চিকিৎসক বলেছিলেন যে, সময়মতো সঠিক চিকিৎসা হলে হয়তো নজরুলের অসুখের ফলাফল অন্যরকম হত।

যেহেতু কিছু চিকিৎসক ভুল করে স্থির করলেন যে তাঁর যৌনরোগ সিফিলিস হয়েছিল, ফলে তৎকালীন পশ্চাৎপদ সমাজ-চেতনার কারণে প্রথম বহুবছর তাঁর ঠিকমতো চিকিৎসা তো হয়ইনি, উপরন্তু গুটিকয়েক বন্ধু ছাড়া তাঁকে তখন প্রায় সকল বন্ধু-বান্ধব ও সমাজের গণ্যমান্য লোকেরা বর্জন করেন। যাঁরা তখনকার ক্ষমতাশালী লোক ছিলেন, তাঁরা অধিকাংশই তখন নজরুলকে এড়িয়ে চলেন। যাঁরা দায়িত্ব এড়াতে পারেন না, তাঁরাও যেন দায়সারা গোছের সামান্য সাহায্য করেন, ওই অল্প কয়জন খাঁটি বন্ধুর পীড়াপীড়িতে।

পৃথিবীর আরো কোনো কোনো শিল্পীর জীবনে এমন রোগ-নির্ণয় ঘটেছিল। যেমন শিল্পী 'ভ্যান গগ'। পাশ্চাত্যের মানুষ শিল্পীর চাইতে শিল্পীর রোগকে বড় করে দেখে না। তাঁরা ভ্যান গগ-কে পূজা করেন। তাঁর রোগকে নয়।
কিন্তু ভারতীয় উপমহাদেশের মানুষের পশ্চাৎপদ চিন্তাধারার কারণে, মানুষের চাইতে তার রোগ বড়। এই রোগ-নির্ণয়ের কারণে নজরুলের সংসারে নেমে আসে চরম আর্থিক বিপর্যয়।

অস্বাস্থ্যকর ক্ষুদ্র এক বাড়িতে চাপাচাপি করে তাঁকে থাকতে হত। চিকিৎসা দূরে থাকুক, অনেক সময় সংসারে খাবার কেনার টাকা থাকত না। অনেক মানুষ, যাঁরা অতীতে নজরুলের কারণে উপকৃত হয়েছিলেন, এবং যাঁদের কাছে তিনি টাকা পেতেন, তাঁরাও তাঁকে বর্জন করেন। সবচাইতে আশ্চর্যের বিষয়, যে রেকর্ড কোম্পানিগুলো তখন একমাত্র নজরুলের গানের খ্যাতির কারণে রমরমা ব্যবসা করে ফুলে-ফেঁপে উঠেছিল, তারাও তখন নজরুলকে বর্জন করে, এবং তাঁর টাকা নিয়ে প্রতারণা করে। অবশ্য টাকাপয়সার বিষয়ে আরো অনেকে তাঁকে প্রতারণা করে ফতুর করে দেয়। সম্ভবত নজরুলের প্রাপ্য রয়ালটি বিষয়ে এই প্রতারণা এখনও চলছে।

যদি সিফিলিস হয়ে থাকে, তবে তখন সিফিলিসের চিকিৎসা ছিল। যদিও তখনকার সেই সব ওষুধের কঠিন পার্শ্ব-প্রতিক্রিয়াও ছিল। কিন্তু নজরুল তখন সেই চিকিৎসাও সময়মতো পায় নাই। মূলত আর্থিক দুর্গতির কারণে, এবং সামাজিক কুসংস্কারের কারণে, বাকরুদ্ধ হওয়ার পরে প্রায় প্রথম দশ বছর ঠিকমতো বা নিয়মিত নজরুলের কোনো চিকিৎসা হয়নি।

উনিশ শ বিয়াল্লিশ সালে বাকরুদ্ধ হওয়ার পরে তাঁকে দীর্ঘদিন হোমিওপ্যাথিক চিকিৎসা দেয়া হয়েছিল। সামরিক বাহিনী থেকে অবসর-নেয়া এক চিকিৎসক ছিলেন নজরুলের বাড়িওয়ালা। তিনি বিলেতি ডিগ্রিধারী চিকিৎসক ছিলেন। অর্থাৎ সিফিলিসের এলোপ্যাথিক চিকিৎসা তিনি জানতেন। কিন্তু, সেভাবে চিকিৎসা না-করে তিনি দীর্ঘ দুই মাস নজরুলকে কলকাতা থেকে দূরে সরিয়ে নিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসা করেন। তখন নজরুলের অবস্থার অবনতি হয়। তারপর তাঁকে কলকাতায় ফিরিয়ে এনে অন্য চিকিৎসার চেষ্টা করা হয়।

তাহলে এই প্রশ্ন মনে আসা কি স্বাভাবিক নয় যে বিদেশ থেকে চিকিৎসা বিষয়ে উচ্চতর ডিগ্রি-নেয়া একজন বিশেষজ্ঞ চিকিৎসক সব জেনে-শুনে নজরুলকে দু'মাস ধরে সিফিলিসের চিকিৎসা না-করে হোমিওপ্যাথি ওষুধ কেন খাইয়েছিলেন? উত্তর হতে পারে এই যে, তিনি হয়তো এই রোগকে সিফিলিস মনে করেননি। অথবা, সিফিলিস জেনেও তিনি তার চিকিৎসা না-করে জেনে-শুনে নজরুলের অবস্থার অবনতি ঘটিয়েছিলেন। আর তাই যদি হয়, তা হতে পারে একমাত্র তৎকালীন ব্রিটিশ সরকারের ইচ্ছায়।

এ বিষয়ে তো সন্দেহ নেই যে কবি নজরুল ব্রিটিশ সরকারের জন্য অতি বিপদজনক মানুষ হয়ে উঠেছিলেন, এবং নজরুলকে স্তব্ধ করে দেয়া তখন ব্রিটিশ সরকারের জন্য অত্যাবশ্যক হয়ে দাঁড়িয়েছিল। নজরুলের বাকহীনতার মৎবধঃবংঃ নবহবভরপরধৎু ছিল ইংরেজ সরকার।

ওই চিকিৎসক একসময় ব্রিটিশ সরকারের সামরিক বাহিনীতে কাজ করেছিলেন। এই চিকিৎসকের জীবন নিয়ে অনুসন্ধান করলে হয়তো এ বিষয়ে সত্য জানা যেত।

সারা পৃথিবীর বড় বড় চিকিৎসকেরা নজরুলের রোগটি সিফিলিস নয় বলার পরেও একশ্রেণির মানুষ এখনও মনে করেন, নজরুলের অসুখটা সিফিলিস। তাঁদের একমাত্র যুক্তি এই যে ১৯৪২ সালে লুম্বিনী হাসপাতালে ডজ টেস্ট পজিটিভ ছিল। কিন্তু সব চিকিৎসক জানেন, ওই টেস্ট হড়হ-ংঢ়বপরভরপ-ও অর্থাৎ সিফিলিস ছাড়াও আরো অনেক কারণে এই টেস্ট পজিটিভ হয়। এইসব টেস্ট করা হয় প্রাথমিক স্ক্রিনিং হিসাবে। তারপর সন্দেহের কারণে আরো জটিল টেস্ট করে সঠিক রোগ নির্ণয় করা হয়। তখনকার দিনে সে-সব টেস্ট ছিল না।

সিফিলিস-বিশ্বাসী মানুষদের আর একটি যুক্তি এই যেড় নজরুলের স্থানীয় কয়েকজন চিকিৎসক যেহেতু তখন ঘোষণা করেছিলেন যে তাঁর এই রোগ হয়েছিল, কাজেই যতক্ষণ কেউ প্রমাণ করতে না-পারবে যে এই রোগ হয়নি, ততক্ষণ ধরে নিতে হবেড় যে রোগটা হয়েছিল। অথচ পৃথিবীর বড় বড় চিকিৎসক তার পর থেকে আজ পর্যন্ত ঘোষণা করে এসেছেন যেড় নজরুলের রোগটি সিফিলিস নয়। এঁদের মধ্যে অন্যতম তৎকালীন ভিয়েনার বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক হ্যান্স হফ।

তিনি নির্ণয় করেছিলেন যে নজরুলের রোগটির নাম পিক্স ডিসিস (Pick's Disease) ও এই রোগে মস্তিষ্কের কিছু অংশ (Frontal & Temporal lobe) দুর্বোধ্য কারণে শুকিয়ে যায়, তারপর সমস্যাগুলো শুরু হয়।

পিক্স ডিসিস অনেকটা আলহেইমারের মতো একটি রোগ। বলা যায় আলহেইমারের একটি ধরণ বা ধৎরধঃরড়হ হল পিক্স ডিসিস। সিফিলিসের চমৎকার উন্নত চিকিৎসা থাকা সত্ত্বেও ইদানীং অনেক লোকের আলহেইমার রোগ হচ্ছে। তাহলে নজরুলের সময় আলহেইমার রোগ হওয়াতে বাধা কোথায়?

এইসব মানুষের এই মনোভাবের কারণ কী হতে পারে? একটি সহজ ব্যাখ্যাড় কিছু মানুষের পরশ্রীকাতরতা। এখানে উল্লেখযোগ্য এই যে 'পরশ্রীকাতরতা' শব্দটির কোনো ইংরেজি প্রতিশব্দ নেই। অর্থাৎ পৃথিবীর সব মানুষের মস্তিষ্কে এই অ দ্ভুত অনুভূতিটি থাকে না। যাঁদের থাকে, তাঁরা অন্য মানুষের দুরবস্থা দেখে আনন্দ পেয়ে থাকেন।

দ্বিতীয় ব্যাখ্যাটি হতে পারে নজরুল-ঘৃণা। একসময় বলা হত যে নজরুল ছিলেন পৃথিবীর সবচাইতে misunderstood কবি। আস্তিক, নাস্তিক, মোল্লা, পুরুত, সকলেই নজরুলকে গালি দিত। নজরুল শুধু অসাম্প্রদায়িক ছিলেন না। তিনি ছিলেন চরম অসাম্প্রদায়িক। সে-জন্য হিন্দু-মুসলমান নির্বিশেষে সাম্প্রদায়িক মৌলবাদীরা তাঁকে ঘৃণা করবে এটাই স্বাভাবিক। এ-ছাড়া নজরুলকে নিয়ে উপমহাদেশের সকলেই রাজনীতির ফায়দা লুটেছেন, এ-কথা সকলেই জানেন। নজরুলকে গালি দিতে পারলে হয়তো এখনও কিছু মানুষের লাভ হয়। রাজনীতিতে নজরুল-কার্ড এখনও বেশ কার্যকর। মোদ্দা কথা এই যে, যেহেতু মানুষটি কাজী নজরুল ইসলাম, তাই তিনি কোনো অপরাধ না-করলেও তিনি অপরাধী, যতক্ষণ-না প্রমাণ করতে পারছেন যে তিনি নিরপরাধ।

আইনের ভাষায়, ইঁৎফবহ ড়ভ ঢ়ৎড়ড়ভ । নজরুলের ওপর এবং নজরুল-সমর্থকদের ওপর আজ এই 'বার্ডেন অফ প্রুফ' চেপেছে যে, আমাদের প্রমাণ করতে হবেড় নজরুলের সিফিলিস হয়নি। যদি আমরা তা না-পারি, তাহলে নজরুলের অসুখটা স্বতঃসিদ্ধভাবে সিফিলিস।

উনিশ শ তেতাল্লিশ সালে এইভাবে নজরুলকে বিনা বিচারে ফাঁসি দেয়া হয়েছিল। তাঁকে আত্মপক্ষ সমর্থনের কোনো সুযোগ না-দিয়ে অভিযুক্ত করা হয়েছিল। সেই অভিযোগ থেকে তিনি আজও মুক্তি পাননি। কিছু মানুষ বা অনেক মানুষের মনে তিনি আজও অপরাধী। আমাদের দায়িত্ব এই অপমান থেকে তাঁকে মুক্ত করে আনা।



“নজরুল-সংগীত বিষয়বৈচিত্র্য” বা “বৈচিত্র্যময় নজরুল-সংগীত”

নিশাত সারমিন জেসমিন
কবি ও নজরুল গবেষক

নজরুল সংগীত হচ্ছে বাংলা গানের অণুবিশ্ব, এতে বাংলা সংগীতের সমস্ত ধারার মিলন ঘটেছে। কাজী নজরুলের সংগীত-ভুবনে প্রবেশ করলে এর বিষয়বৈচিত্র্য ও ঐশ্বর্যে আমাদের অভিভূত হতে হয়। ‘চর্যাপদ’ থেকে শুরু করে সাম্প্রতিককালের বাংলা গানের স্রষ্টাদের মধ্যে নজরুলের গানের বিষয়ের যে বৈচিত্র্য তা অন্য কারো গানে নেই। যুগের প্রয়োজনে এক কালে এক ধরনের বিষয় প্রাধান্য পেয়েছে।

বাংলা গানের বিকাশ সমৃদ্ধির ধারার পথিকৃৎ হলেন রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ, রজনীকান্ত সেন, কাজী নজরুল ইসলাম। সার্থক ও সমৃদ্ধ পূর্বসূরিরা হলেনড় রামপ্রাসাদ সেন, রামনিধি গুপ্ত (নিধুবাবু), দাশরথি রায়, হাছন রাজা প্রমুখ। এঁদের প্রত্যেকের গানেই রয়েছে মৌলিকত্ব ও ভিন্ন ধারার সুর। কিন্তু বিষয়বৈচিত্র্য ছিল না। সবাই প্রায় একই প্রাসঙ্গিকতার গান লিখতেন। রামপ্রসাদ সেন ‘শাক্তসংগীত’, রামনিধি গুপ্ত ‘টপ্পা’, দাশরথি রায় ‘পাঁচালি’, হাছন রাজা ও লালন শাহ আধ্যাত্মিক ও বাউল গানের প্রতি অনুরাগী ছিলেন। ব্যতিক্রম শুধু রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল রায়, নজরুল, অতুলপ্রসাদ ও রজনীকান্ত ছিলেন। দ্বিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ ও রজনীকান্ত মূলত ভক্তিমূলক দেশাত্মবোধক ও প্রেম-বিষয়ক গান লিখতেন। দ্বিজেন্দ্রলাল অবশ্য হাস্যরসাত্মক গান লিখেছেন। বিষয়বৈচিত্র্য মূলত রবীন্দ্র-নজরুলের গানে বেশি। এত বিষয়বৈচিত্র্য নিয়ে অন্য কোনো গীতিকার গান রচনা করেননি।

আধুনিক যুগে নজরুলই রবীন্দ্রোত্তীর্ণ অনুষঙ্গ নিয়ে আসেন। ভাব ও সুরের দিক থেকে ভিন্নরকম ছিল তাঁর রচনা। নজরুলের কবি, সংগীতজ্ঞ ও শিল্পী-জীবনের সূত্রপাত লেটো দল থেকেই; এখানেই তাঁর কবিতা, গান ও নাট্যরচনা শুরু হয়; হিন্দু পুরাণ ও রাঢ় বাংলার লোকসংস্কৃতির সাথে ঘনিষ্ঠ পরিচয় ঘটে লেটো দলে থাকা অবস্থাতেই। ত্রিশাল ও দরিরামপুর স্কুলজীবনে নজরুল ময়মনসিংহ তথা পূর্ববঙ্গের লোকসংগীতের সাথে পরিচিতি লাভ করেন। নজরুলের আনুষ্ঠানিক সৈনিক-জীবনের সামরিক ব্যান্ডের দৌলতে তিনি পাশ্চাত্যের সংগীত ও ফারসি কবিতার সঙ্গে পরিচয় সুবাদে গজলের রসবোদ্ধা হন। (বাংলাপিডিয়া–নজরুল সংগীত–রফিকুল ইসলাম)

বাংলা গানে প্রেম, প্রকৃতি, চাঁদ, ফুল, মালা, সমাধি ইত্যাদির অনুষঙ্গ নজরুল প্রথম সংযোজন করেন এবং তারই অনুরণন লক্ষ করি বর্তমান আধুনিক গানে।

বিষয়বৈচিত্র্য অনুসারে নজরুল-সংগীতের শ্রেণিবিন্যাস :

১. লোকসংগীত
২. বিদেশি সুর ও আঙ্গিকের প্রয়োগ
৩. প্রেম পর্যায়ের গানে নজরুলের স্বাতন্ত্র্য / প্রেমসংগীত
৪. স্বদেশী গান
৫. হাস্যরসাত্মক গান
৬. রাগসংগীত ও নজরুল-গীতি
৭. ভক্তিমূলক গান।

তবে এসব গানের মধ্যেও এসেছে বিষয়বৈচিত্র্য।

লোকসংগীত : লোকসংগীতে নজরুলের ভাণ্ডার বিপুল ঐশ্বর্যমণ্ডিত ও বিচিত্রময়। লোকসংগীতের নানা সুরে নজরুল-সংগীত বহুবিধ বৈচিত্র্য-সমৃদ্ধ হয়েছে। তার মধ্যে ঝুমুর, ভাওয়াইয়া, ভাটিয়ালি, বাউল ও বেদে-বেদেনীর সুরে বেশি আকৃষ্ট হয়েছিলেন।

* “চোখ গেলো চোখ গেলো কেন ডাকিস রে?”
* “চুড়ির তালে নুড়ির মালা” (ঝুমুর)
* “নদীর নাম সই অঞ্জনা” (ভাওয়াইয়া)
* “পদ্মার ঢেউ রে মোর” (ভাটিয়ালি)
* “আমি ভাই ক্ষ্যাপা বাউল” (বাউল)

বিদেশি সুর ও আঙ্গিকের প্রয়োগ : বিদেশি সুরের সমন্বয়ে বাংলা গান নির্মাণে নজরুল রবীন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রলালের উত্তরসাধক। তবে এ পর্যায়ে তাঁর দৃষ্টিভঙ্গির নতুনত্ব এই যে তিনিই প্রথম বাংলা গানে মধ্যপ্রাচ্যের আরবি, ইরানি, তুর্কি, মিশরীয় সুরের মিশ্রণে সাফল্যের সঙ্গে বিদেশি সুর প্রয়োগ করে বাংলা গানে নতুনভাবে প্রাণ সঞ্চার করেন। এছাড়াও তাঁর ইসলামিক গানেও রাগসংগীত ও লোকসংগীত ছাড়া বিদেশি সুরের শৈল্পিক স্পর্শে একটা আন্তর্জাতিক রূপ পরিলক্ষিত হয়। পারস্য-সংগীতের 'মোকাম' তিনি অতি দক্ষতার সঙ্গে তাঁর গানে প্রয়োগ করেন।

* আরবি সুর : "চমকে চমকে ধীরু ভীরু ... ... যায়"
* কোরাস : "কারার ঐ লৌহকপাট"
* পারসিক মোকাম : "ফুলের জলসায় ...
* ও শুকনো পাতার নূপুর ..."
* মার্চ সংগীত : "চল্ চল্ চল্ ... মাদল"
* কিউবান ড্যান্সের সুরে : দূরদ্বীপবাসিনী ... ভাষিণী"

বিদেশি সুরের বহু বিচিত্র অনুপ্রবেশে নজরুল-সংগীতে সুর ও ছন্দের অভূতপূর্ব সমৃদ্ধি হয়েছে।

প্রেমসংগীত : নজরুল-সংগীতের স্থায়ী ভাব হল প্রেম। এই প্রেম থেকেই তাঁর বিদ্রোহের সূচনা হয়েছে দেশ ও দশের স্বার্থে। তাঁর মানব-প্রেমের তাৎপর্য অজানা নয়। এ-বিষয়ক গানে বিরহ, আশা, বেদনা, সবকিছু প্রকটিত হলেও বিরহ-বেদনার বিচিত্র মানবিক অভিব্যক্তি চিত্রণেই তাঁর প্রেমসংগীত জীবন্ত হয়েছে। আর সুর-বৈচিত্র্যও বিস্ময়কর। এর মধ্যে বাংলা গজল ও কাব্যগীতি অনন্য সুরলহরীতে ঝংকার তোলে।

গজল : "কে বিদেশি, মন উদাসী"
"কেন আন ফুল ডোর ... বেলায়"
"এত জল ও কাজল ... কে"

কাব্যগীতি : "তুমি শুনিতে চেয়ো না ... কথা।"
"মোরা আর জনমের হংসমিথুন ... জলে।"

নজরুলের দেশাত্মবোধক গান : নজরুল অসহযোগ আন্দোলনের দিনগুলোতে দেশপ্রেমের গান লিখেছেন। তাঁর দেশাত্মবোধক গানের পরাক্রম এবং শৈল্পিক চেতনা যেভাবে ধ্বনিত হয়েছে তা তুলনাহীন। জাতীয়তাবাদী মুক্তিসংগ্রামের দিনগুলোতে রচিত কবির যৌথ চেতনার ফসল কোরাস। এখানেও রয়েছে বৈচিত্র্য।

দেশবন্দনাধর্মী : "এ কি অপরূপ ... ... জননী।"
সংগ্রামধর্মী : "ধ্বংস দেখে ভয় কেন তোর?"
সাম্প্রদায়িক সম্প্রীতিধর্মী : "মোরা একই বৃন্তে ... মুসলমান।"
জাগরণধর্মী : " জাগো নারী বহ্নিশিখা।" (নারী-জাগরণ)
"ভুবন জয়ী তোরা কি সেই মুসলমান।" (মুসলিম-জাগরণ)
ছুৎমার্গ : "জাতের নামে বজ্জাতি ... জুয়া।"

হাস্যরসাত্মক গান : নজরুলের হাস্যরসের গানেও তাঁর পূর্বসূরিদের মতো রঙ্গ-ব্যঙ্গের উভয় আঙ্গিকের গান রয়েছে। তাঁর হাসির গানে রয়েছে অসংখ্য বৈপরীত্য। যেখানে তিনি শুধুই নিছক হাস্যরসের কথা বলেছেন যা মানব-মনে নির্মল হাসির সঞ্চার করে। যা বিদ্রূপ,ব্যঙ্গ, তামাশা, কৌতুক নামে পরিচিত।

"দে গরুর গা ধুইয়ে
উলটে গেলো বিধির বিধান, আচার বিচার ধর্ম জাতি।
মেয়েরা সব লড়ুক মদ্দে করেন চড়ুইভাতি।"

রাগসংগীত : আমরা জানি ভারতীয় ললিতকলার শ্রেষ্ঠ সম্পদ হল রাগসংগীত। নজরুল রাগসংগীতের মেজাজ হৃদয়ঙ্গম করেছিলেন গভীরভাবে। হিন্দুস্থানি রাগসংগীতের শৈলী এ ধারাতেই তাঁর রাগাশ্রিত গানগুলো বর্ণময়ভাবে বিকশিত। ধ্রুপদ, ঠুংরি, দাদরা, খেয়াল ও কাজরী রাগের প্রয়োগ দেখি তাঁর গানে।

ধ্রুপদ : "সাজিয়াছ যোগী বলো কার লাগি?"
ঠুংরি : "ভোরের হাওয়ায় এলে ..."
দাদরা : "ঝরা ফুল দলে কে অতিথি ..."
কাজরী : "শাওন আসিল ফিরে ..."
খেয়াল : "মেঘ মেদুর বরষায় ...।"

ভক্তিমূলক গান : বাংলা গানের আধ্যাত্মিকতার মধ্যেও রয়েছে একটা মানবিক আবেদন। নজরুলের ভক্তিমূলক গানে সেই মানবতান্ত্রিক আবেদনে ভরপুর। বুলবুলের মৃত্যু নজরুলের জীবনে এক গভীর পরিবর্তন আনে। গোপাল হালদার বলেন, "বুলবুলের মৃত্যুই নজরুলকে গভীরভাবে ঈশ্বরানুরক্ত করে তুলেছিল এবং তাঁর ভক্তিগীতি রচনার প্রবল আকুতিও এর পরিণাম।" (নজরুল স্মৃতিকথা; মুজাফফর আহমদ; পৃ. ১৯৩)।

সেই সময় থেকেই নজরুল ভক্তিমূলক গানে আত্মনিবেদন করেন। বৈচিত্র্যময় নজরুল-সংগীতের মধ্যে ভক্তিমূলক গান অন্যতম এবং এর আবেদন সর্বত্র। নজরুলের ভক্তিমূলক গানের মধ্যে রয়েছে উভয় সংস্কৃতির সংগীত। হিন্দুধর্মের সংগীতের মধ্যে রয়েছে শ্যামাসংগীত, আগমনী গান, শ্যামসংগীত, কীর্তন, বাউল, ব্রহ্মসংগীত ও ভজন।
ইসলামি সংগীতে রয়েছে হামদ, নাত, নবী আবির্ভাব, তিরোভাব, নবী মহিমা, আল্লাহ-রসুল, রমজান, ঈদ, কাবা, হজ্জ, আজান, কালিমা, নামাজ, মুহররম, আরব, মক্কা, মদিনা, ফাতেমা ইত্যাদি।

শ্যামাসংগীত : কাজী নজরুল ইসলাম শাক্তসাধক রামপ্রসাদ সেন ও কমলাকান্তের পর বাংলা শাক্তসংগীতের ক্ষেত্রে বিশেষ মর্যাদার অধিকারী। মা ও ছেলের আত্মিক আবেদন ও সম্পর্ক জড়িত, রামপ্রসাদী গানের সহজ-সরল ভক্তিপ্রেমের মানবিক বাণীই নজরুলের গানে বাঙালি ফিরে পায়। তবে রামপ্রসাদের গান থেকে নজরুলের গান স্বতন্ত্র। শুধু ভক্তের ভক্তি নিবেদন নয়, তাঁর শ্যামাসংগীতের বৈশিষ্ট্য সমাজ-সচেতনতা বৃদ্ধি করা। নজরুল তাঁর গানে শ্যামাকে রূপক হিসেবে ব্যবহার করেছেন। এখানে তিনি তাঁর প্রবল সমাজ-সচেতনতার পরিচয় দিয়েছেন। নজরুলের শ্যামাসংগীতকে দুই ভাগে ভাগ করা যায়। ভক্তিরসের শ্যামাসংগীত ও রৌদ্রীরাগের ও সমাজ-জাগরণমূলক গান।

কয়েকটি উল্লেখযোগ্য শ্যামাসংগীত : "আমার কালো মায়ের পায়ের ... বাঁচন।"
"আমি সাধ করে মোর গৌরী মায়ের নাম রেখেছি কালী।"
"বলরে জবা বল।"

আগমনী গান : এ গান মূলত উমারূপিণী দুর্গাকে নিয়ে লেখা গান। নির্মল আনন্দই দুর্গাপূজার মূল বিষয়। মানবদরদী নজরুলের আগমনী গানে মানবিক আবেদন অপূর্ব বাণী লাভ করেছে।

"বর্ষা গেলো আশ্বিন গেলো, উমা এলো কই?"
"আয় মা উমা রাখবো এবার তোরে ...।"

ঈশ্বরবন্দনামূলক গান বা ব্রহ্মসংগীত : কাজী নজরুলের ভক্তিমূলক গানের মধ্যে ব্রহ্মসংগীত অন্যতম। এই সংগীত মূলত ব্রাহ্ম সমাজের বিভিন্ন উপাসনা মন্দিরে বা সামাজিক অনুষ্ঠানে গাওয়া হয়। বাংলা ভজনাঙ্গের গানগুলোকে ব্রহ্মসংগীতের সাথে তুলনা করা যায়।

"দাও শৌর্য দাও ধৈর্য হে উদার নাথ"
"খেলিছ এ বিশ্ব লয়ে বিরাট শিশু আনমনে"
"আমি যুগ যুগ ... ... বেড়াই।"

কীর্তন : কাজী নজরুল ইসলাম ধর্মসংগীত রচনা করেন গ্রামোফোন কোম্পানিতে কম্পোজার হিসেবে যোগদানের পর থেকে। পৌরাণিক সাহিত্যে গভীর জ্ঞান ও অধিকার ছিল বলেই তিনি কীর্তন রচনা করতে পেরেছিলেন। তিনি বৈষ্ণবদের উদারতা ও প্রেমভাবে গভীরভাবে আকৃষ্ট হয়ে পড়েন। শুধুমাত্র সত্য ও সুন্দরকে জানার ইচ্ছায় তিনি বৈষ্ণবের প্রেমধর্মে উৎসাহিত হন এবং রসোত্তীর্ণ কীর্তন রচনা করতে চেয়েছিলেন।

"কেন প্রাণ উঠে কাঁদিয়া ... সাধিয়া গো।"
" আমি কেন হেরিলাম নব ... কালিন্দীকূলে।"
"(সখী) আমি না হয় ... নাহি ফিরাইলি।"

বাউল : বাউলের একতারাতে ফেরে সাম্য ও প্রেমের বাণী। বাউলেরা তাঁদের প্রেমধর্মের মাধ্যমে সবাইকে আপন করে নিতে পারেন। বাউলের জীবনদর্শন কবি নিজের জীবনে গ্রহণ করেছিলেন বলেই সার্থক বাউলগান রচনা করতে পেরেছিলেন।

"আমি ভাই ক্ষ্যাপা বাউল, আমার দেউল ... দেহ।"
"আহার দেবেন তিনি ও মন জীব দিয়েছেন যিনি।"

ইসলামি গান : কাজী নজরুল ইসলাম একজন আদর্শ মুসলমান ছিলেন বলেই ইসলাম থেকে প্রকৃত আলোর অন্বেষণ করতে পেরেছিলেন। এই আলো তাঁকে দিয়েছিল শক্তি। তিনি বিশ্বাস করতেন মানুষকে প্রেম করাই আল্লাহ'র ইবাদত। ইসলাম ধর্মের মৌলিক অনুষঙ্গগুলোর প্রায় সব বিষয়েই তিনি গান লিখেছেন। তাওহীদ, রিসালাত, হামদ, নাত, আজান, নামাজ, রোজা, হজ্জ, ঈদ, ইসলামে সাম্যের শিক্ষা, ইসলামের গৌরবোজ্জ্বল ইতিহাস, মুসলিম নারীর মর্যাদা, কী এমন বিষয় নেই যা নিয়ে তিনি সংগীত

লেখেননি!
ইসলামি সংগীত রচনার ক্ষেত্রে ভাব ও সুরের সম্মিলন নজরুলের একটি অন্যতম বৈশিষ্ট্য। তিনি অসংখ্য ইসলামি গান লিখেছেন গজল আঙ্গিকে। দাদরা, কাহারবা, ঠুমরী, কিংবা লোকসংগীতের ঢংয়েও তিনি অনেক ইসলামি গান লিখেছেন। কিছু গানে তিনি বিদেশি সুরও অনুকরণ করেছেন।

যেমন : "ত্রিভুবনের প্রিয় মোহাম্মদ এলোরে দুনিয়ায়" – এ নাতে রাসুলে তুরস্কের বিখ্যাত "কাটাবিম ইশকাদার" – গানটির সুর অনুকরণ করা হয়েছে। মূলত এটি প্রায় পাঁচশো বছরের মতো পুরনো গান।
বহুভাষিকতা নজরুলের অপার সৃষ্টিশীলতার একটি মহত্তম দিক। ইসলামি সাহিত্যচর্চার ক্ষেত্রে এই বহুভাষিক নৈপুণ্য বেশ প্রাসঙ্গিকতা লাভ করেছে। সংগীতগুলো প্রকৃত ইসলামি আবহ তৈরি করেছে। সর্বোপরি বাংলা গানের এক নতুন অধ্যায়ের যোজনা করেছে। কবি নজরুল কুরআনের মহান সত্য ও সুন্দর আদর্শ গ্রহণ করেছিলেন তাঁর ইসলামি ভাবাদর্শের কাব্য ও সংগীত রচনার উৎস হিসেবে। তিনি ঐশী প্রেমের প্রেরণা থেকে গান রচনা শুরু করেন গ্রামোফোন কোম্পানিতে যোগদানের পর থেকে।

"আল্লাহ আমার প্রভু আমার নাহি নাহি ভয়।" (হামদ)
"এই সুন্দর ফুল সুন্দর ফল মিঠা নদীর পানি।"

নাত : "মোহাম্মদ নাম যতই জপি, ততই মধুর লাগে।"
"পাঠাও বেহেশত হতে হযরত পুনঃ সাম্যের বাণী।"

কালেমা : "কালেমা শাহাদাতে আছে খোদার জ্যোতি"

নামাজ : "ভোর হলো উঠ জাগো, আল্লা-রসুল বোল"

কুরআন : "জরীন হরফে লেখা ... আসমানের কুরআন"

ঈদ : "ও মোর রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ"

হজ্জ : "কাবার জিয়ারতে তুমি যাও মদিনায়"

যাকাত : "দে জাকাত, দে জাকাত তোরা দে জাকাত"

নবী আবির্ভাব : "তোরা দেখে যা আমিনা মায়ের কোলে"

তিরোভাব : "বহিছে সাহারায় শোকের 'লু' হাওয়া"

কবি নজরুল প্রায় চার হাজারের মতো গান লিখেছেন। তিনি জনজীবনের সঙ্গে নিজের সংগীতকে সার্থকভাবে যুক্ত করতে পেরেছিলেন বলেই নজরুল-সংগীত সার্বজনীন হয়ে উঠতে পেরেছে। কাজী নজরুল ইসলাম ঊনবিংশ শতকের শেষ দশকের সর্বশেষ বছরটিতে (১৮৯৯) জন্মেছিলেন। কাজেই তিনিও বাঙালি রেনেসাঁস যুগের ধারক ও বাহক। একবিংশ শতকে এখন পর্যন্ত এমন কোনো সংগীত-প্রতিভার জন্ম হয়নি যিনি বৈচিত্র্যময় বাংলা গান রচনায় নজরুলকে অতিক্রম করতে পেরেছেন। বৈচিত্র্যময় গানে নজরুল শ্রেষ্ঠত্বের অধিকারী।

তথ্য– নজরুল সহায়ক গ্রন্থাবলি ও বাংলা উইকিপিডিয়া।

Dr. Sultan Ahmad

Wahed Hossaini with Dr. Langley

সাক্ষাৎকার : ডক্টর সুলতান আহমদের সঙ্গে ওয়াহেদ হোসেনী

"সাম্যের গান গাই
আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই।"

প্রায় এক যুগেরও বেশি সময় 'উত্তর আমেরিকা নজরুল সম্মেলন কমিটি'র চেয়ারপার্সনের দায়িত্ব পালনের পর অবসর নিয়েছেন জনাব সুলতান আহমদ, যিনি অত্যন্ত নিষ্ঠার সাথে নজরুল সম্মেলন কমিটির কার্যক্রমে নেতৃত্ব দিয়ে এগিয়ে নিয়েছেন এতগুলো বছর। সংগঠনের গুরুদায়িত্ব পালনে তাঁর নিষ্ঠা ও দক্ষতা ছিল প্রশংসনীয়, সংগঠনের অগ্রগতিতে এবং আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে বিশ্বের কাছে তুলে ধরার জন্য সাংগঠনিক কার্যক্রমের মাধ্যমে তাঁর ঐকান্তিক প্রয়াস ছিল অপরিমেয়।
অনুষ্ঠিত হতে যাচ্ছে ১৮তম নজরুল সম্মেলন, আর এই সম্মেলনের প্রাক্কালে বিদায়ী চেয়ারম্যান, জনাব সুলতান আহমেদের সাথে মেতে উঠি সংক্ষিপ্ত আলাপচারিতায়, সবটুকু না হলেও আলাপচারিতার পথ ধরে অনেক কিছুই জানতে পেরেছি তাঁর কাছ থেকে তাঁর নিজস্ব দৃষ্টিভঙ্গি ও ভাবনার আলোকে।

এক প্রশ্নের জবাবে ভার্জিনিয়ার ভিয়েনা-নিবাসী ডক্টর সুলতান আহমদ, কবি নজরুলের 'নারী' কবিতার প্রথম ছত্র উদ্ধৃতি দিয়ে উত্তর দেন। তাঁকে প্রশ্ন করেছিলাম, "নজরুল শিশুদের কবি, কিশোরদের কবি, যুবকদের কবি, অসহায়দের কবি, সাম্যবাদের কবি, প্রকৃতির কবি। তাঁর কবিতার বিষয়বস্তুর শেষ নেই। কোন নজরুল আপনার কবি?" ডক্টর সুলতান আহমদ বলতে থাকেন, "পাশ্চাত্য জগতে আজ নারী-জাগরণের ঢেউ উথলে উঠেছে। বাংলার কবি কবি নজরুল ইসলাম, এক শতাব্দী আগে শুধু নারী-জাগরণের স্বপ্নই দেখেননি, 'অগ্রপথিক' হয়ে নেতৃত্ব দিয়েছেন, সাহস যুগিয়েছেন। তুলে ধরেছেন তাদের অস্বীকৃত গুণ ও শক্তি। ঐ অস্বীকৃত গুণাবলি সামনে রেখে আজ নারী ও অসহায় মানুষ এগিয়ে চলার পাথেয় পাচ্ছে।"

ডক্টর সুলতান আহমদ বলেন, "এই ক্ষণজন্মা প্রতিভার অধিকারী কাজী নজরুল ইসলামের জন্ম 'উপেক্ষিত' বাংলায়, তা-ও আবার মুসলমান পরিবারে। তাঁর উদাত্ত আহবান এসেছে বাংলা ভাষায়। সে ডাক বাংলায় সীমিত না রেখে সারা বিশ্বে ছড়িয়ে দেওয়ার সময় শুধু আসেনি, সে বাণী ছড়িয়ে দেওয়ায় দেরি হয়ে যাচ্ছে।"

ডক্টর আহমদ বলেন, "উত্তর আমেরিকা নজরুল সম্মেলন কমিটির উদ্দেশ্য হচ্ছে ক্ষণজন্মা এই অসীম প্রতিভার আলো শুধু পশ্চিম জগতেই নয় সারা বিশ্বে ছড়িয়ে দেওয়া। যত উৎসাহভরে, জোরালো ভাবে এই কাজটি করা দরকার সেভাবে না হলেও সীমিতভাবে তা অব্যাহত রয়েছে।" তিনি বলেন, "উৎসাহ জাগিয়ে তুলতে হবে। কোনো কিছু বড় কাজ হঠাৎ করে হয় না, তা বলে হাত গুটিয়ে বসে থাকলে তা কোনো দিনই হবে না।"

ডক্টর সুলতান আহমদ স্মরণ করেন যে, ১৯৯০ সনে নিউ জার্সি'র 'সৌখিন' নামে এক প্রতিষ্ঠানের কয়েকজন সংস্কৃতিমনা উৎসাহী ব্যক্তি প্রায় শূন্য তহবিল নিয়ে, পাশ্চাত্য জগতে নজরুলকে পরিচিত করার উদ্দেশ্যে একটি অনুষ্ঠানের আয়োজন করেন। তাঁদের অনুরোধে বিখ্যাত নজরুল-সংগীতশিল্পী ফিরোজা বেগম শুধু বিনা পারিশ্রমিকেই নয়, নিজের খরচায় অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

তিনি মন্তব্য করেন, "যাঁর গান চিরদিন গাইলাম, তাঁর জন্য এটুকু করতে পারব না?" এভাবেই, আজকে যা 'উত্তর আমেরিকা নজরুল সম্মেলন কমিটি' নামে পরিচিত, তার প্রথম পদক্ষেপ। সেই উৎসাহী ব্যক্তিদের দু'জন, মাহমুদ বিল্লাহ এবং ডক্টর ওয়াদুদ ভুঁইয়া আজো সম্মেলন কমিটির সঙ্গে সক্রিয়ভাবে জড়িত।
এর পর ওয়াশিংটন, নিউ ইয়র্ক, ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, টরেন্টো, বোস্টন, টেক্সাস প্রভৃতি জায়গায় আরও ১৭টি সম্মেলন অনুষ্ঠিত হয়। এবারের অনুষ্ঠানটি ১৮তম অনুষ্ঠান এবং প্রথম অনলাইন অনুষ্ঠান। এইসব অনুষ্ঠানে আমেরিকায় নজরুল-পণ্ডিত ব্যক্তি ও বাংলাদেশের বহু নজরুল-বিশেষজ্ঞ যোগ দেন।

সুলতান আহমদ বলেন, "এখানে নজরুলের ওপর নিবেদিত এক দম্পতির কথা উল্লেখ না করলে কাহিনি শুধু অসমাপ্তই থাকবে না, অকৃতজ্ঞতা প্রকাশ পাবে। এঁরা হলেন ডক্টর কাজী বেলাল এবং ডক্টর গুলশানারা কাজী। এঁরা শিক্ষাজগতে নজরুলকে তুলে ধরার জন্য কারোর সাহায্যের আশায় বসে না থেকে নিজেরাই আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং কানেটিকাট বিশ্ববিদ্যালয়ে 'নজরুল চেয়ার' প্রতিষ্ঠা করেন। তাঁদের ধারণা, নজরুল সম্মেলন নজরুলের শিক্ষা প্রসারের বদলে আর একটি নাচ-গানের সাংস্কৃতিক প্রতিষ্ঠানে পরিণত হতে চলেছে। তাঁরা ক্রমে ক্রমে এই প্রতিষ্ঠান থেকে দূরে সরে গেছেন। তবে তাঁরা তাদের উদ্দেশ্য থেকে দূরে সরে যাননি।"

ডক্টর আহমদ বলেন, "নজরুলকে পশ্চিমা জগতে তথা বিশ্বে পরিচিত করতে হলে তাঁর সৃষ্টি নিয়ে আলোচনা, প্রবন্ধ রচনা, তাঁর সৃষ্টির অনুবাদ প্রকাশ করতে হবে এবং তা করতে হবে ইংরেজি ভাষায়।" তিনি দুঃখ প্রকাশ করে বলেন, "নজরুল সম্মেলনে সর্বদাই নাচ-গান প্রাধান্য পেয়ে বসে। সত্যি কথা বলতে কি, নাচ-গানই অনুষ্ঠানে দর্শক আকর্ষণ করে। আর দর্শকসংখ্যাই হল অনুষ্ঠানের সফলতা। এ কথা বুঝে নিয়েই, ওয়াশিংটনসহ দু-এক জায়গায় প্রধান অনুষ্ঠানে আলোচনা, গবেষণাপত্র মিশিয়ে দিয়ে নজরুলকে তুলে ধরার প্রচেষ্টা করা হয়। বলা বাহুল্য ঐ পরীক্ষার ফলাফল এখনও প্রতিষ্ঠিত হয়নি।"

ডক্টর সুলতান আহমদ বলেন, "নজরুল সম্মেলন **'Nightingale-বুলবুল'** নামে একটি উচ্চমানের গবেষণাপত্র প্রকাশ করতে শুরু করে। মনে হয় নানান কারণে আপাতত গবেষণাপত্রটি নিদ্রায়িত।"

ডক্টর সুলতানকে জিজ্ঞেস করি, "এ-সব কাজ করতে প্রচুর অর্থের প্রয়োজন, সে অর্থ আসে কোথা থেকে? আপনারা কি সরকারি কোনো অনুদান পান?" উনি কাষ্ঠ-হাসি হেসে বলেন, "নজরুল ইন্সটিটিউট নামে বাংলাদেশে একটি প্রতিষ্ঠান আছে। সেটি নেহায়েতই একটি 'সরকারি' প্রতিষ্ঠান। তাদের নেই কোনো উৎসাহ বা গরজ। তাদের সঙ্গে যোগাযোগ করলে একটি উত্তর আসে, 'কাজ করার আমাদের কোনো বাজেট নেই'।"

তাহলে নজরুল সম্মেলন কমিটি চলে কেমন করে এর উত্তর পেলাম এভাবে।

"আমাদের একমাত্র আয় সদস্যদের বাৎসরিক চাঁদা। তা-ও আবার সবাই দেয় না। গাফিলতি করে। যে প্রতিষ্ঠানের উদ্যোগে সম্মেলন অনুষ্ঠিত হয়, তাঁরাই খরচ জোগাড় করেন।" স্বাস্থ্যগত কারণে চেয়ারপার্সনের দায়িত্বভার তিনি আর নিতে পারছেন না বলে তিনি অবসর নিয়েছেন। তাঁর দীর্ঘ দিনের, ২০০২ থেকে ২০২০ সালের, নেতৃত্বের কী অবদান জানতে চাইলে ডক্টর সুলতান বলেন, "সামান্য হলেও শিক্ষাজগতে (Academic world) নজরুলকে আরও একটু পরিচিত করতে পারছি। এখন দু-একজন নজরুল-বিশেষজ্ঞ পাওয়া যায়।"

পরবর্তী চেয়ারপার্সনের জন্য তাঁর কী পরামর্শ থাকবে জানতে চাইলে ডক্টর সুলতান আহমদ বলেন, "চেয়ারপার্সনকে আরও চঞ্চল হতে হবে, শিক্ষাজগতের সঙ্গে আরও নিবিড় সম্পর্ক সৃষ্টি করতে হবে, এবং অর্থসংগ্রহ-কাজ জোরদার হতে হবে।"

ডক্টর সুলতান আহমদ সাক্ষাৎকারের ইতি টানেন এই ভাবেড় এক শতাব্দী আগে নজরুল যে বাণী শোনান, জগতের আনাচে-কানাচে তা ছড়িয়ে না-দেওয়া পর্যন্ত বিদ্রোহী ক্লান্ত কবি হবেন না শান্ত।

আলোকচিত্রে
কবি কাজী নজরুল ইসলাম

Photo Gallery
of
Kazi Nazrul Islam

আজিজ মনজিল, চট্টগ্রামে নজরুল। ছবি : হবিবুল্লাহ্ বাহার



গান নিয়ে আলাপচারিতায় কবি







১৮তম নজরুল সম্মেলনে শুভেচ্ছা

মেহেরুন্নেসা মোশাররফ হোসেইন

আমি বিপার সমস্ত সদস্য এবং উত্তর আমেরিকা নজরুল সম্মেলন কমিটির (এন.এ.এন.সি.সি) সকল সদস্যকে এই বছর নিউইয়র্কের অনুষ্ঠিতব্য ১৮তম উত্তর আমেরিকা নজরুল সম্মেলনটি আয়োজন করার জন্য আন্তরিক ধন্যবাদ এবং শুভেচ্ছা জানাই। এই মহামারীর মধ্যে এটি একটি দুর্দান্ত প্রচেষ্টা এবং আমি এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

মেহেরুন্নেসা মোশাররফ হোসেইন
পটোম্যাক, ম্যারিল্যান্ড

১৮তম নজরুল সম্মেলনে শুভেচ্ছা



ডা: ওয়াদুদ ভূইয়া

১৮তম নজরুল সম্মেলনের সর্বাঙ্গীন সফলতা কামনা করছি। একই সাথে বিপা'কে অনেক অনেক ধন্যবাদ এই চরম বৈশ্যিক মহামারীও তাদের পিছু পা করতে পারেনি, এই কঠিন কাজের দায়িত্ব নেবার ক্ষেত্রে। আমি সম্মেলনের সকল পৃষ্ঠাপোষক এবং শুভাকাঙ্খীদের সুস্বাস্থ্য কামনা করছি।

ডা: ওয়াদুদ ভূইয়া
নিউ হাইড পার্ক,
নিউ ইয়র্ক, ইউ.এস.এ

Rebel Poiet, Kazi Nazrul Islam – A Poet of Change

Afreen Reza, 10th Grade

Kazi Nazrul Islam was a rebellious voice against the tortures, oppression, and injustice much of which was publicized through his writing and inspired millions of people of Bengal. He invigorated the dream to fight for our nation, to rise up and revolt, to be independent, to be conscious of our rights, and most importantly, to be patriotic. Throughout his career, he wrote about the unfortunate souls, humanity, social inequality, and youth. To this day, he is still considered one of the most influential poets of both Bangladesh and West Bengal.

Kazi Nazrul Islam was known as the 'Dukhu Mia', the child of sorrow. He was born at Churulia, in the village of Burdwan district of West Bengal on May 24, 1899, to Kazi Fakir Ahmed and Zaheda Khatun. Losing his father, a mentor, in his childhood left him facing many struggles growing up. Nazrul studied up to grade 10 and then joined the army during First World War as an ordinary soldier, but his great bravery promoted him to the position of a Habilder (Sergeant). In the army, he felt the pain of the oppressed and demoralized people and started writing about his feelings. After retiring from the Army in 1920, he came to Kolkata and began writing, which brought out his famous poem 'Bidrohi' in 1922. When the British regime realized his opposition and rebellion in his poems that already inspired thousands of Bengalis to fight for independence, they imprisoned him, especially for his poem, "Anandamoyir Agomone". During his years in prison, his rebellious and fierce attitude grew deeper and the poet continued writing while in the prison. Kazi Nazrul Islam believed in the equality of all people, striking down gender norms and classist ideas at the time. Nazrul Islam was born a Muslim but married Pramila Devi, a Hindu woman, on April 25, 1924. This union was shunned by many of his critiques. This led him to write more about the unity and harmony between Hindus and Muslims. Despite his efforts, Nazrul Islam continuously faced criticism for his personal life and professional works.

Kazi Nazrul Islam wrote an overwhelming number of poems and songs. His song 'urdha Gagane Baje Madol' is a great contribution to Bengali literature. He composed as many as

4000 songs that exceeded Rabindranath Tagore. His famous poetical works are ‘Agni Bina’, ‘Bisher Banshi’, ‘Sarbohara’, ‘Sindhu Hindol’, ‘Badhan hara’, ‘Dolanchapa’, ‘Chakrobak’, ‘Catun Chand’, ‘Fanimansha’, ‘Sesh Shaogat’ among many others. In 1926, he wrote one of his most famous poems titled 'Daridro' ('Pain or Poverty'). Nazrul Islam's success soon brought him into Indian theater and the film industry. The first picture he worked on was based on Girish Chandra Ghosh's story "Bhakta Dhruva" in 1934. He acted in the role of Narada, composing songs, directing the film and music, and serving as a playback singer. The film Vidyapati (Master of Knowledge) was produced based on his recorded play in 1936 and he served as the music director for the film of Tagore's novel Gora. Nazrul wrote songs and directed music for Sachin Sengupta's biopic play, Siraj-ud-Daula. In 1939, Nazrul began working for Calcutta Radio, supervising the production and broadcasting of the station's musical programs. He further produced critical and analytic documentaries on music, such as Haramoni and Navaraga-malika, and wrote a large variety of songs inspired by the raga Bhairav.

Kazi Nazrul Islam was awarded the Jagattarini Gold Medal in 1945, the highest honor for work in Bengali literature by the University of Calcutta. In 1960, he was awarded the Padma Bhushan, one of India's highest civilian honors. His poetry highly inspired the freedom fighters during the liberation war of Bangladesh in 1971 and his songs werer played in the ‘Shadhin Bangla Betar’ hat played a great role for the independence of Bangladesh. He received the "Ekushe Padak" by he Government of Bangladesh. He was further awarded honorary D.Litt. by the University of Dhaka.

Kazi Nazrul died on the 29th of August 1976 in Dhaka, Bangladesh. Even though, he lost his ability to write or speak at a very young age, his literary works and extraordinary contribution have enriched our Bengali literature to a great extent until this day. His work remains widely popular, and several scholarly institutions were established to preserve and expound upon his thoughts and philosophy, as well as the analysis of his large and diverse collection. He was a genius in poems, novels, dramas, short stories, lyricists, among other sectors. His outspoken attitude, originality of his work, and aspirations towards the cause of freedom earned him great respect in the field of literature and culture from the people of all castes and colors and managed to leave his imprints in the spheres of music, poetry, and writing. Kazi Nazrul Islam was a man both intellectually and socially advanced for the time he lived in, and he shall be honored for decades to come by the people of Bangladesh and India.

References:

https://www.thefamouspeople.com/profiles/kazi-nazrul-islam-5502.php
https://www.newworldencyclopedia.org/entry/Kazi_Nazrul_Islam

Influence of Kazi Nazrul Islam in My Life

Anusha Shaha, 9th Grade

I grew up listening to the music of Kazi Nazrul Islam through my parents. At first, I did not think too much about him and only appreciated him because of how nice his music and poems sounded. However, recently, I was wondering who this person was and how he influenced the lives of Bengalis. So, I started searching about him on the internet and found a lot of interesting information about Nazrul. I have realized that we have many things in common and he has influenced me and others more than I had thought.

Kazi Nazrul Islam is the national poet of Bangladesh. He was a writer and a musician as well. He wrote of religion and fighting against oppression. Nazrul Islam had been given the title of “Bidrohi Kobi” which means “rebellious poet” because of his advocacy against societal norms. He also has his own genre of music called “Nazrul Shangeet” which means “Music of Nazrul.” He has influenced the lives of many through his work.

I knew that he wrote of religious equality. I feel very strongly that people should set aside their differences and celebrate them instead just like him. When researching about him, I found out that he wrote against the British Empire and actually went to jail for it. This means a lot to me because it lets me know that he sacrificed valuable time in his life and spent it in prison so that my country of Bangladesh (then part of India) can gain independence. His ideas of fighting for human rights, even though it may not be the custom, have encouraged me to speak up when something is not right. I see him as heroic and inspirational figure to everyone.

I now realize that I can express these opinions and my Bengali culture through singing and dancing to his songs. I have been dancing since I was 5 years old and I used to sing as well throughout my life. I can bring all of these aspects of my life together and express myself however I want to. This can be through singing and dancing to his songs, reciting his words of wisdom, or even composing and coming up with my own form of expression, just like he did. In fact, I recently choreographed a dance to one of his songs, “Mor Ghumo Ghore”. I think this is what the “Rebel Poet" would have wanted me to do.

Growing Up knowing the Works of Kazi Nazrul Islam

Ariana Rahman, 10th Grade

When I was in elementary school, I participated in a competition that was held by BCCDI Bangla School. I had already finished with the dancing portion, so I was getting ready for the singing portion, repeating the song I had prepared over and over again in my head until I couldn't think about anything else. The name was "Moner Rong Legeche" and singing it had earned me a second-place spot on the podium. I was ecstatic as they handed me my trophy, knowing that in the end, all of my hard work had paid off.

Flash forward to the present. About a week ago, I was aimlessly wandering around the basement when I stumbled across the old trophy cabinet that we kept in our large storage room. Right in the center of the cabinet stood my trophy, collecting dust after years of being untouched. Upon recognizing it, I immediately took it upstairs and showed it to my mom. This spiraled into us having a conversation about the song I had sung, during which she brought up the name Kazi Nazrul Islam. Since we had read two of his poems during my Bangla lessons, and I had listened to a few of his songs before this discussion, I was already familiar with his name. However, I barely knew anything about him. What was his background? What were his beliefs and ethics? How significant was he to not only the people of Bangladesh but to people around the world? My curiosity needed to be satisfied, and so, I decided to research him myself.

Born in India on May 24th, 1899, Kazi Nazrul Islam is the national poet of Bangladesh, best known for his works in poetry, literature, and song-writing. His writing included common themes such as love, religion, freedom, and rebellion. He managed to earn the title of "Bidrohi Kobi," (meaning Rebel Poet) due to his activism for social and political justice.
Nazrul was born into a Bengali Muslim family, receiving religious education and working as a muezzin at a local mosque. He learned about poetry and literature while working with a rural theatrical group, but he did not begin writing formally until after he left the the British Indian Army after the World War I. He moved to Kolkata, India in 1920 and started working as

journalist. He wrote countless poetic works about revolution against the British Raj, such as “Bidrohi” and “Bhangar Gaan.” His constant nationalist activism in the Indian independence movement led to him getting frequently arrested and imprisoned by the British authorities. During his imprisonment, he wrote “Rajbandir Jabanbandi”, intensifying his criticism of imperialism. His writings greatly inspired Bengalis of East Pakistan (now Bangladesh) during the Bangladesh Liberation War in 1971.

It is phenomenal how one man can accomplish so much on his own, and I can see why he was such a huge inspiration. I found a number of these facts hard to believe. For example, most songwriters today are unable to write 1,000 songs, but Nazrul wrote more than 4,000 of them and composed many of his own songs all less than 22 years of active life! He also wrote hundres of poems, short stories, and other forms of media and literature. All these happen due to his extraordinary dedication/talent unlike any other.

During my research, there was one poem that stuck out to me the most, and that was his poem titled “Women.” Here are a few lines from the poem:

“সাম্যের গান গাই-
আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই!
বিশ্বে যা-কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর,
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।“

To provide some background, Nazrul was a firm believer in gender equality. In his eyes, there was no difference between man and women, and he expressed that belief through this beautifully written poem.

If he had written this poem during the 21st century, it wouldn’t have been that big of a deal, right? Hundreds of people speak up about gender equality all the time. Sadly, that wasn’t the case for the 1900s, when people were unable to view women as equal to men. That is why this poem was such a revolutionary concept, and I find it impressive how Nazrul was so ahead of his time. Even now it holds relevance because we are still fighting for true gender equality. Kazi Nazrul Islam was an extraordinary and gifted person. He had a unique way with words that allowed him to touch millions of hearts, and to this day we continue to sing his songs and recite his poems with a smile. I’m happy that I was able to use this opportunity to learn more about him, and I hope that I can view more of his awe-inspiring content soon.

Kazi Nazrul Islam : Hindu-Muslim Unity

Kamilla Sofie Alam, Grade 5

